১৬ পাতার সংখ্যা

দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 37 ■ Issue No. 21 ■ 25th May 2024 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায় আছে —
ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক কোর্সে ভর্তি শুরু
■ চাকরির পরীক্ষার সাফল্যের প্রস্তুতি ও গাইড
■ চাকরির পরীক্ষার নানান প্রশ্নের জিজ্ঞাসার উত্তর

প্রাথমিক ও উচ্চপ্রাথমিক স্কুলে চাকরির জন্য

## ডি.এল.এড কোর্সে ৪৫ হাজার ছেলেমেয়ের ভরতি শুরু

**উচ্চমাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পশ্চিমবঙ্গের ২৩টি জেলার সরকার অনুমোদিত ও সরকার পোষিত আর বেসরকারি ৬৫৬টি প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে 'ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি.এল.এড.)' কোর্সে ভরতি শুরু হয়েছে। পড়ানো হবে রেগুলার বা, ফেস টু ফেস মোডে। এন.সি.টি.ই.'র অনুমোদিত ও পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের স্বীকৃত এই কোর্স ২ বছরের। পড়ানো হবে ২০২৪-২০২৬ এরপর ১৩ পাতায়

ICE Academy
WBCS, WB-PSC
SSC, Rail, Bank
General Combined
স্কলারশিপ টেস্ট : ৯ জুন
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509

UPSC'র ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমি পরীক্ষার মাধ্যমে

## ৩ বাহিনীতে ৪০৪ অফিসার

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : অফিসার পদে ৪০৪ জন স্থলবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী ৩ বছরের ট্রেনিং দিয়ে অবিবাহিত ছেলেমেয়ে নিচেছ। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা স্থলবাহিনীর (আর্মি) জন্য আবেদন করতে পারেন।

ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা 'বিমানবাহিনী' (এয়ারফোর্স), 'নৌবাহিনীর (নেভি)' বা, ন্যাভাল অ্যাকাডেমির ১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিমে এরপর ১০ পাতায়

পশ্চিমবঙ্গে এত কম খরচে এত সুন্দর পরিবেশে নার্সিং পড়ার সুযোগ এনে দিল
JOY WELFARE NURSING INSTITUTE
INC, WBNC স্বীকৃত
কল্যাণী হাইওয়ের পাশে অবস্থিত ক্যাম্পাসের মধ্যেই নিজস্ব মাল্টি স্পেশালিটি হসপিটাল, হোস্টেল, কলেজ বিল্ডিং সব পাশাপাশি
হোস্টেলের ব্যবস্থা আছে। তবে তা আবশ্যিক নয়। হোস্টেলে থেকেও পড়তে পারেন বা বাড়ি থেকেও যাতায়াত করতে পারেন। এতে খরচও অনেক কম হবে।
বিশেষ সুযোগ কোর্স ফী'র ওপর 30% পর্যন্ত স্কলারশিপ।
Student Credit Card Applicable

নিজস্ব ৩টি মাল্টি স্পেশালিটি হসপিটাল কল্যাণীতেই অবস্থিত। যেগুলির প্রত্যেকটিতে ১৫০টি'র ওপরে বেড রয়েছে
কল্যাণী জে.এন.এম গভঃ মেডিক্যাল কলেজ ও গান্ধী মেমোরিয়াল হসপিটালে ক্লিনিক্যাল প্র্যাক্টিস করানো হয়।
যোগাযোগ : 7003007707, 8100435830

## ইছাপুর মেটাল অ্যান্ড স্টিল ফ্যাক্টরিতে ১৫ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ইছাপুর মেটাল অ্যান্ড স্টিল ফ্যাক্টরি 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' ও 'টেকনিশিয়ান ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' হিসাবে এরপর ৬ পাতায়

## রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে উচ্চমাধ্যমিক কোর্সে ভরতি

নিজস্ব সংবাদদাতা : পশ্চিমবঙ্গ সরকারের অধীন সংস্থা, পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদে 'উচ্চমাধ্যমিক' কোর্সে ভর্তি শুরু হয়েছে। রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ সহ যে কোনো অনুমোদিত মুক্ত বিদ্যালয়ী সংস্থা থেকে বাংলা, ইংরিজি, অঙ্ক, ভৌতবিজ্ঞান, জীবনবিজ্ঞান, ইতিহাস, ভূগোল বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বাংলা ও ইংরিজি ভাষা পেপার সহ পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ থেকে মাধ্যমিক পাশরাও আবেদনের যোগ্য। পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ বা, অন্য কোনো অনুমোদিত উচ্চমাধ্যমিক এরপর ৬ পাতায়

## কফি শপ বা কাফে ব্যবসা

কম পুঁজিতে নানা ব্যবসার সন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু

কফি শপ নিয়ে ব্যবসা আজকাল দারুণ জনপ্রিয় হয়ে উঠছে। গরম কফিতে ফুঁ দিতে আড্ডা দেওয়া ফ্যাশন হয়ে দাঁড়াচ্ছে। সঙ্গে আসছে



কাপের পর কাপ কফির অর্ডার। এচিত্র আজ স্কুল কলেজের লাগোয়া কফি শপে ও পাড়ায় পাড়ায়। ফলে এই ব্যবসা দিন-দিন এরপর ১২ পাতায়

ইউ.পি.এস.সি'র কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস পরীক্ষার মাধ্যমে

## আর্মি, এয়ারফোর্স ও নেভিতে ৪৫৯ অফিসার

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ভারতীয় স্থলবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী ৯ মাস থেকে ২ বছর ১১ মাস ট্রেনিং দিয়ে অফিসার পদে ৪৫৯ জন লোক নিচেছ। নেওয়া হবে এইসব বিভাগে : ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমিতে। কারা কোন বিভাগের জন্য যোগ্য :

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি : যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি হলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। মোট ১৮ মাসের ট্রেনিং হবে 'জেন্টলম্যান ক্যাডেট'এ। এরপর ৪ পাতায়

## বি.এস.এফ'এ ১৪১ নার্স, টেকনিশিয়ান ও কনস্টেবল

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : বর্ডার সিকিউরিটি ফোর্স 'সাব-ইন্সপেক্টর (স্টাফ নার্স)', 'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (ল্যাব টেকনিশিয়ান)', 'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (ডেন্টাল টেকনিশিয়ান)', 'জুনিয়র এক্স-রে অ্যাসিস্ট্যান্ট (হেড কনস্টেবল)', 'কনস্টেবল (টেবিল বয়)', 'কনস্টেবল (ওয়ার্ড বয়/ওয়ার্ড গার্ল /আয়া)', হেড কনস্টেবল (ভেটেরিনারি) ও কনস্টেবল (কেন্নেলম্যান) পদে ১৪১ জন ছেলেমেয়ে নিচেছ। কারা কোন পদের জন্য যোগ্য : এরপর ১০ পাতায়

## আই.টি.আই ও পলিটেকনিকে ভরতি

### পলিটেকনিক ডিপ্লোমা

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পশ্চিমবঙ্গের পলিটেকনিকে অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, অটোমোবাইল, কেমিক্যাল, সিভিল, কম্পিউটার এরপর ৬ পাতায়

### আই.টি.আই কোর্স

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : পশ্চিমবঙ্গের ১২১টি সরকারি আই.টি.আই./ আই.টি.সি. /জুনিয়র পলিটেকনিক /পি.পি.পি. সরকারি আই.টি.আই.'তে কেন্দ্রীয় এরপর ১০ পাতায়

### পলিটেকনিকে ল্যাটারাল এন্ট্রি

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পশ্চিমবঙ্গের পলিটেকনিকে অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, অটোমোবাইল, এরপর ১০ পাতায়

Admission Guidance 2024-2025
BARASAT AMS INSTITUTE OF NURSING
AMS COLLEGE OF PHARMACY
APROVED BY PHARMACY COUNCIL OF INDIA (PCI)
AFFILIATED TO WEST BENGAL STATE COUNCIL OF TECHNICAL & VOCATIONAL EDUCATION AND SKILL DEVELOPMENT
GNM
D.Pharma

ELIGIBILITY: GNM : (10+2), any stream, D.Pharma : (10+2) with Physics, Chemistry, Math / Biology
BARASAT, NARAYANPUR, PO- NILGANJ BAZAR, Kol-121
(বারাসাত ও ব্যারাকপুর রেল স্টেশন থেকে ১০ থেকে ১৫ মিনিটের দূরত্ব)
Call : 8697599554, 033-2535 0100

*Join*

# BNG

## Hotel Management Institute , Kolkata

*World's Most Popular and Job Oriented Course*

## HOTEL , HOSPITALITY & TOURISM MANAGEMENT COURSES



| Program Duration | Total FEE | Fee Payable after Scholarship |
|---|---|---|
| 3 years | ~~1,90,000/-~~ | 1,40,000/-* |
| 2 years | ~~90,000/-~~ | 70,000/- |
| 1 year | ~~50,000/-~~ | 35,000/- |
| 6 months | ~~25,000/-~~ | 23,000/- |
| 1 Year Learn & Earn From Day 1 | ~~1,00,000/-~~ | 70,000/- |

100% PLACEMENT ASSURED

আসন সীমিত
যোগাযোগ করুন :
9830796307
9674062259

ট্রেনিং এবং প্লেসমেন্ট সহায়তা
দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি।

**1 Year Diploma in Hospitality Management** under CCPTR, MAKAUT, WB - Total Fee : Rs.45,000/- ( 3 Installme...

**Residential Campus**, Canteen Facility, Well Equipped Labs, Modern Infrastructure, Sports, Cricket , Football ,Indoor Games, etc

Our Recruiters .....

Hilton, Fairfield by Marriott, Hyatt, Marriott, South Seas Island Resort, Hard Rock, The Oberoi Group, Royal Orchid, Leonia, ibis, starwood Hotels and Resorts, The Leela, aloft, Radisson, Marrim, Shangri-La, Holiday Inn, Landmark Hotel, The Chancery Pavilion, Four Points by Sheraton, Pride Plaza, Alila, Flamingo, Taj, Golden Tulip, InterContinental, Le Royal Meridien, The LaLiT, Fairmont, Radisson, park inn, Art Rotana, Effotel, Best Western, Grand Mercure, Sonotel, lemon tree, Jupiter, The Fern, Pride Plaza, The Peerless Inn, Fortune, Sodexo, Emirates, Trident, Norwegian Cruise Line, Ramada

Scan this QR Code for Admission

Follow us @

INSTANT LOAN* available, No Guarantor required. NO COST EMI

Bring this Cutout to avail Scholarship Code : #KABNG2024

BNG HOTEL MANAGEMENT INSTITUTE
The Power House of Hospitality

ক্যাম্পাস : সেক্টর V - সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ- কোল ভবন।

W : www.bngkolkata.com | E : admin@bngkolkata.com | P : +91 98307 96307 | Toll Free No. : 1800 891 1508

উচ্চ মাধ্যমিক পাশ প্রার্থীদের আগামী দিনে চাকরির বিরাট সুযোগ

# Apollo Care - নার্সিংয়ে প্লেসমেন্টের নিরিখে রাজ্যের অন্যতম সেরা

নিজস্ব সংবাদদাতা, বালিগঞ্জ : এ মাসের ৮ তারিখ উচ্চ মাধ্যমিকের ফলাফল প্রকাশিত হয়েছে। সম্প্রতি উচ্চ মাধ্যমিক পাশ ছেলেমেয়েদের মধ্যে একটি সার্ভে করে দেখা গেছে, সব চেয়ে বেশি যে পেশা নিয়ে পড়লে চাকরির বাজারে প্লেসমেন্ট সুনিশ্চিত হয় তা হল নার্সিং ও প্যারামেডিক্যাল কোর্স। আগামী ৩ বছরে এই পেশায় কয়েক লক্ষ ট্রেনড ছেলেমেয়ের প্রয়োজন। রাজ্য নার্সিং কাউন্সিল (WBNC) ও কেন্দ্রীয় নার্সিং কাউন্সিল (INC) অনুমোদিত / অথোরাইজেশন প্রাপ্ত যে ক'টি নার্সিং কলেজের প্লেসমেন্টের নজির ১০০ শতাংশ, তার মধ্যে অন্যতম বালিগঞ্জের অ্যাপেলো কেয়ার ইনস্টিটিউট। যেকোনো নার্সিং প্রতিষ্ঠানের সুনাম হয় মূলত ২টি কারণে প্রথমতঃ- উন্নতমানের ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্র্যাক্টিক্যালের ব্যবস্থা ও দ্বিতীয়তঃ- কোর্স অনুযায়ী প্রতিটি ছেলেমেয়ের সঠিক জায়গায় ঠিকঠাক প্লেসমেন্ট। সম্প্রতি কলেজের অ্যাডমিশন ডিপার্টমেন্ট থেকে বিজ্ঞপ্তি প্রকাশ করে জানানো হয়েছে — এখানে ভরতি শুরু হয়েছে মূলত এই ৩ বিষয়ে :

(১) উচ্চমাধ্যমিক পাশেদের জন্য ৩ বছরের জিএনএম কোর্স (ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল-INC ও রাজ্য নার্সিং কাউন্সিল-WBNC অনুমোদিত), (২) মাধ্যমিক পাশ ছেলেমেয়েদের জন্য ২ বছরের বিএসএস প্র্যাক্টিক্যাল নার্সিং (ভারত সরকার অনুমোদিত) ও (৩) উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীদের জন্য ২ বছরের প্যারামেডিক্যাল কোর্স (ভারত সরকার অনুমোদিত)। চাকরির দিক দিয়ে বর্তমানে এই কোর্সটির চাহিদা ক্রমবর্ধমান, এককথায় — অনেক ক্ষেত্রে ট্রেনিং চলাকালীন চাকরির যোগাযোগ আসতে থাকে। কেন এই প্রতিষ্ঠানটি এখন রাজ্যের মধ্যে অন্যতম সেরা, তার ব্যাখ্যা দিতে গিয়ে সংস্থার ভাইস্-প্রিন্সিপ্যাল জানালেন যে, 'আমাদের প্রতিষ্ঠানে যেকোনো ছেলেমেয়ে একবার ভরতি হলে, তার কেরিয়ার তৈরি করার সম্পূর্ণ দায়িত্ব আমাদের। এছাড়াও আমাদের ৩টি কোর্সই পড়ান সংশ্লিষ্ট ইন্ডাস্ট্রির সেরা প্রফেশনালরা। ফলে ছাত্রছাত্রীদের ট্রেনিং যেমন উচ্চ পর্যায়ের হয় তেমন তাদের গ্রুমিংও হয় ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড।'

এছাড়াও তিনি আরো জানালেন, 'এই প্রতিষ্ঠানের ল্যাবে এমনভাবে যত্ন নিয়ে শেখানো হয়, যাতে এখানকার ছাত্রছাত্রীরা বিভিন্ন হাসপাতাল, ডায়াগনস্টিক সেন্টার, মেডিক্যাল ল্যাব ও নামিদামি নার্সিংহোমে সহজেই চাকরি হয়।' এককথায় — নার্সিং শিখলে চাকরি আছেই, কেউ বসে থাকে না। মাধ্যমিক / উচ্চমাধ্যমিক পাশ করার পর সময় নষ্ট না করে নিশ্চিত চাকরি পেতে দ্রুত ভরতির জন্য যোগাযোগ করুন এই নম্বরে : ৯৮৩১৭ ৮৯৫৩৬, ৯৬৭৪৩ ০৭৯২৮ অথবা সরাসরি আসা যায় এই ঠিকানায় : Apollo Care Institute, ২০/১, বালিগঞ্জ স্টেশন রোড, কলকাতা - ৭০০ ০১৯।

## বি.এড. ও ডি.এল.এড. কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেওয়া হচ্ছে

বারাসাত সুভাষ চন্দ্র কলেজ অফ এডুকেশনে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেওয়া হচ্ছে। নেওয়া হবে এইসব বিষয়ের জন্য : অঙ্ক, ইংরিজি, জীবনবিজ্ঞান, ভৌতবিজ্ঞান, এডুকেশন ও মিউজিক। এন.সি.টি.ই.'র নিয়মানুযায়ী যোগ্যতা থাকতে হবে। ৭ দিনের মধ্যে বায়োডাটা পাঠাতে হবে এই ই-মেল আই.ডি.-তে : barasatscce@gmail.com, ফোন : 8697132020.


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য পরিষেবায় কর্মসংস্থানের বিপুল সুযোগ

## কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানান কর্মমুখী কোর্সে ভর্তি

কৃষ্ণনগর ও বহরমপুরে

নিজস্ব সংবাদদাতা, কল্যাণী : কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটারি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে। সরকারি পরিকাঠামোয় উন্নত ল্যাবরেটরি ও কল্যাণী বিশ্ববিদ্যালয় নির্বাচিত অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর মাধ্যমে মনোরম পরিবেশে আছে ক্লাস করার সুযোগ।

ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO),

মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর : Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnagar Horticulture Office).
Ph. : 7602656588, 7001279061.

বহরমপুর স্টাডি সেন্টার : 20/1 Madhupur Road, P.O & P.S : Berhampore, Dist. - Murshidabad, WB.
Ph. : 9064922886, 9733523939.

ওয়েবসাইট : www.sipto.org
ই-মেল : www.sipto19@gmail.com

এখান থেকে পাশ করে চাকরি করছে এমন কিছু ছেলেমেয়ের ছবি দেওয়া হল —


বুদ্ধদেব পাল


গণেশ চন্দ্র পাল


মহঃ সুরজ আলি


প্রশান্ত ভাওয়াল


সঙ্গীতা মাইতি


ত্র্যম্বক কান্তি কর


## প্যাকেজিংয়ের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভরতি

কেন্দ্রীয় সরকারের বাণিজ্য ও শিল্প মন্ত্রকের অধীন স্বশাসিত সংস্থা ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিংয়ের নতুন সেশনে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। এআইসিটিই/ যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্ততপক্ষে দ্বিতীয় শ্রেণির নম্বর পেয়ে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, মাইক্রো বায়োলজি, অ্যাগ্রিকালচার, ফুড সায়েন্স, পলিমার সায়েন্স, ফার্মাসিউটিক্যালস নিয়ে ডিগ্রি কোর্স পাশ বা কেমিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, সিভিল, বায়ো-কেমিস্ট্রি / বায়ো-টেকনোলজি, প্রিন্টিং টেকনোলজি নিয়ে ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। যাঁরা এবার ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষা দিয়েছেন, তাঁরাও আবেদন করতে পারেন। ভরতি নেওয়া হবে এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে। অফলাইন পরীক্ষা হবে মুম্বাই, কলকাতা, চেন্নাই, দিল্লি, হায়দরাবাদ ও আহমেদাবাদ ১৪ জুলাই। আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ১০ জুলাই। ঠিকানা : ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিং, কলকাতা সেন্টার, ব্লক সিপি-১০, সেক্টর V, সল্ট লেক সিটি, বিধাননগর, কলকাতা -৭০০ ০৯১। ফোন : (033)-2367 6016 / 0763. এই কোর্সের ব্যাপারে বিশদে জানতে সরাসরি যোগাযোগ করুন কলকাতা ব্রাঞ্চের ডেপুটি ডিরেক্টর ও ব্রাঞ্চ হেড বিধান দাস (8017219939), অথবা কোর্স কো-অর্ডিনেটর ড. নিলয় কান্তি প্রামানিককে (8355957469). website : www.iip.in.com

## আর্মি, এয়ারফোর্স ও নেভিতে ৪৫৯

১ পাতার পর

ট্রেনিংয়ের সময় প্রার্থীকে দিতে হবে মোট ৩,৭৫০ টাকা। কোনো প্রার্থী দিতে অক্ষম হলে, তখন সরকারই ওই খরচ বহন করবে। ট্রেনিংয়ে সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। এরপর ধাপে-ধাপে 'কম্যান্ডার' পদ পর্যন্ত পদোন্নতি হবে। ১৫৯তম কোর্সে ট্রেনিং শুরু ২০২৫ সালের জুলাইয়ে। শূন্যপদ : ১০০টি। এর মধ্যে ১৩টি শূন্যপদ এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট পাশদের জন্য সংরক্ষিত।

অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (মেন ও এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল) : যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (ফর মেন)'এ আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ অবিবাহিতা তরুণীরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল)'এ আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০০ থেকে ১-১-২০০৬'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি। ট্রেনিং হবে মাদ্রাজের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। মোট ৪৯ সপ্তাহের ট্রেনিং হবে 'জেন্টেলম্যান ক্যাডেট'এ। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ৪,৬০০ টাকা। এর মধ্যে ২,৪৫০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার পুরো বা, আংশিক খরচ দেবে। সফল হলে লেফটেন্যান্ট পদে ৬ মাস প্রবেশনে থাকতে হবে। ৫ বছরের জন্য শর্ট সার্ভিস কমিশনে চাকরি করতে হবে। এরপর পার্মানেন্ট কমিশনে চাকরির সুযোগ পেলে ধাপে-ধাপে পদোন্নতি হবে। মূল মাইনে ওপরের মতোই। শূন্যপদ : অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে (মেন) ২৭৬টি। ১২২তম কোর্সে ট্রেনিং শুরু ২০২৫ সালের অক্টোবরে। এস.এস.সি. উইমেন কোর্সে শূন্যপদ : ১৯টি। ৩৬তম এস.এস.সি. উইমেন কোর্সে ট্রেনিং শুরু ২০২৫ সালের অক্টোবরে।

ন্যাভাল অ্যাকাডেমি : ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। শুরুতে ৫ মাসের ট্রেনিং হবে গোয়ার ন্যাভাল অ্যাকাডেমিতে, এক্সিকিউটিভ শাখার ক্যাডেট হিসাবে। ট্রেনিং নেওয়ার জন্য প্রার্থীকে দিতে হবে মোট ৩,৫০০ টাকা। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার থেকে পুরো বা, আংশিক খরচ দেওয়া হবে। এরপর 'ক্যাডেট' হিসাবে আবার আড়াই বছরের ট্রেনিং। সফল হলে নৌবাহিনীর জাহাজে ৬ মাস চাকরি। সফল হলে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। মাইনে ওপরের মতোই। ট্রেনিং শুরু ২০২৫ সালের জুলাইয়ে। শূন্যপদ : ৩২টি।

এয়ারফোর্স অ্যাকাডেমি : উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৫'এর মধ্যে জন্ম-তারিখ থাকলে 'এয়ারফোর্স অ্যাকাডেমি'তে ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকলে জন্মতারিখ হতে হবে ২-৭-১৯৯৯ থেকে ১-৭-২০০৫'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২.৫ সেমি, পায়ের মাপ লম্বায় অন্তত ৯৯-১২০ সেমি, থাই লম্বায় ৬৪-৮১.৫ সেমি ও বসার উচ্চতা ৮১.৫ সেমি থেকে ৯৬ সেমি। শুরুতে ফ্লাইং ব্রাঞ্চের পাইলট হিসাবে ৭৪ সপ্তাহের ট্রেনিং হবে এয়ারফোর্স অ্যাকাডেমিতে। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ২,৩৪০ টাকা। এর মধ্যে ৮৪০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ৭৫০ টাকার কম হলে এই খরচ সরকার থেকে দেওয়া হবে। ক্যাডেট হিসাবে ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ২১,০০০ টাকা। এছাড়া ফ্লাইং-ভাতা পাবেন। ২১৮ এফ (পি) কোর্সে ট্রেনিং শুরু ২০২৫ সালের জুলাইয়ে। শূন্যপদ : ৩২টি।

এই ৫ বিভাগের ট্রেনিং নিতে হলে দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় ৬/৬ ও কাছের বেলায় প্রতি চোখে 'N-S'. ওপরের সব পদের বেলায় এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য। ট্রেনিংয়ের সময় মাসে স্টাইপেন্ড পাবেন। সফল হলে মূল মাইনে ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই হবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (II)-২০২৪' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা ১ সেপ্টেম্বর। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিসপুর (গুয়াহাটি), পটনা, শিলঙ, রাঁচী, সম্বলপুর, পোর্ট ব্লেয়ার, গ্যাংটক ও আগরতলা।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির লিখিত পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) এলিমেন্টারি ম্যাথমেটিক্স। প্রতিটি পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে।

অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ট্রেনিং নিতে হলে লিখিত পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ। প্রতিটি পেপারে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে।

সফল হলে ৩০০ নম্বরের ইন্টারভিউ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির বেলায় ২০০ নম্বর)। সব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ইংরিজিতে থাকবে ইংরিজি গ্রামারের প্রশ্ন। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞান বিষয়ে উচ্চমাধ্যমিক মানের প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.৩৩ নম্বর কাটা হবে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 11/2024-CDS-II, Dated: 15/05/2024.

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.upsconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করলে পরীক্ষা ফী বাবদ ২০০ টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে দিতে পারেন কিংবা এস.বি.আই. নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দিতে পারবেন। একাধিক দরখাস্ত করবেন না। মহিলা ও তপশিলী সম্প্রদায়ের প্রার্থীদের ফী লাগবে না। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন আই.ডি-সহ সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন।

## প্যাকেজিংয়ের কোর্সে ভরতি

**সংশোধন**

গত সপ্তাহের কর্মসংস্থানে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিংয়ের 'প্যাকেজিংয়ের ডিপ্লোমা কোর্সে ভরতি' শীর্ষক খবরের হেডিংয়ে ভুল করে 'প্যাকেজিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভরতি'র বদলে 'প্যাকেজিংয়ের ডিপ্লোমা কোর্সে ভরতি' বেরিয়েছে। এই অনিচ্ছাকৃত ভুলের জন্য আমরা দুঃখিত।

## ডব্লু.বি.সি.এস. কোর্সে ফ্রী ডেমো ক্লাস অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনে

ডব্লু.বি.সি.এস. অফিসার হওয়ার সেরা প্রতিষ্ঠান 'অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন'। বিগত কয়েক বছরে ডব্লু.বি.সি.এস. পরীক্ষায় এখানকার সাফল্য নজর কাড়ে। ২০২১ সালে 'এ', 'বি' ও 'সি' গ্রুপে সফল হয়েছে ৫৬ জন প্রার্থী। ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার প্রস্তুতির জন্য শেষ ব্যাচে ভর্তি চলছে। এজন্য ফ্রী ডেমো ক্লাস দেওয়া হবে ২৬ মে, কলেজ স্ট্রিটে। আগ্রহী প্রার্থীরা ফ্রী ডেমো ক্লাস করতে চাইলে নাম নথিভুক্ত করতে হবে এই নম্বরে : 9674478644

## ১৫ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

১৫ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** নেওয়া হবে এইসব শাখায় : মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, মেটালার্জিক্যাল। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২১ থেকে ২৫ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যাল ২টি, ইলেক্ট্রিক্যাল ২টি, মেটালার্জিক্যাল ২টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস :** নেওয়া হবে এইসব শাখায় : মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, মেটালার্জিক্যাল। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২২ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যাল ৩টি, ইলেক্ট্রিক্যাল ৩টি, মেটালার্জিক্যাল ৩টি।

সব ক্ষেত্রে ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে ২০২২, ২০২৩ ও ২০২৪ সালে। ১ বছরের ট্রেনিং। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অনলাইনে নাম রেজিস্ট্রেশন করতে হবে, এই ওয়েবসাইটে : https:://nats.education.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## পলিটেকনিক ডিপ্লোমা

১ পাতার পর

সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সফটওয়্যার টেকনোলজি, সাইবার ফরেন্সিক্স অ্যান্ড ইনফর্মেশন সিকিউরিটি, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম, ফুড প্রসেসিং টেকনোলজি, ফুটওয়্যার টেকনোলজি, জিওগ্রাফিক ইনফর্মেশন সিস্টেম অ্যান্ড গ্লোবাল পশিসনিং সিস্টেম, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, ইন্টেরিয়র ডেকরেশন, লেদার গুডস টেকনোলজি, মেকানিক্যাল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেটালার্জিক্যাল, মাইনিং, মাইন সার্ভেয়িং, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, মাল্টিমিডিয়া টেকনোলজি, প্যাকেজিং টেকনোলজি, ফটোগ্রাফি, প্রিন্টিং টেকনোলজি, রিনিউয়েবল এনার্জি, সার্ভে ইঞ্জিনিয়ারিং, ওয়েব ডিজাইনিং, কমিউনিকেশন অ্যান্ড কম্পিউটার নেটওয়ার্কিং, কনস্ট্রাকশন অটোমেশন অ্যান্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্সের প্রথম বর্ষে, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের পার্ট-টাইম মর্নিং ডিপ্লোমা কোর্স আর মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের পার্ট-টাইম ডিপ্লোমা কোর্সে কয়েক হাজার সীটে ভরতির দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ৩১ মে করা হয়েছে।

বিজ্ঞান / ভৌতবিজ্ঞান ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এবছরের মাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০৯'এর আগে। উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। ৩ বছরের কোর্স।

প্রার্থী বাছাই করবে 'ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট'। এবার কোনো লিখিত এন্ট্রান্স টেস্ট হবে না। সরাসরি নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি করা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ মে পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://scvtwb.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৪৫০ (কন্যাশ্রী প্রার্থী হলে ২২৫) টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, ইউ.পি.আই.-তে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে

১ পাতার পর

শিক্ষা সংসদের উচ্চমাধ্যমিক পরীক্ষায় অসফল পরীক্ষার্থীরাও আবেদন করতে পারেন। যে সব প্রার্থীরা রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদে ভর্তি হয়ে ৫ বছরের নির্ধারিত সময় সীমার মধ্যে সব বিষয়ে পাশ করতে পারেননি বা, পারবে না, তাঁরা পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদে ভর্তি হয়ে বাকি বিষয়গুলিতে পরীক্ষা দিতে চাইলে তাঁরাও যোগ্য। পড়ানো হবে এইসব বিষয় : বাংলা, ইংরিজি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, শিক্ষা, হিসাবশাস্ত্র, কারবার সংগঠন ও ব্যবস্থাপনা, অর্থনৈতিক ভূগোল, অঙ্ক, জীববিদ্যা, রসায়নবিদ্যা ও পদার্থবিদ্যা।

বিষয় নির্বাচন করতে পারবেন বাংলা ও ইংরিজি বিষয় আর ঐচ্ছিক বিষয় হিসাবে যে কোনো ৩টি বিষয় নিতে হবে এইসব কম্বিনেশন বিষয় হিসাবে নিয়ে : ইতিহাস ও অঙ্ক, রাষ্ট্রবিজ্ঞান ও রসায়ন, শিক্ষা ও পদার্থবিদ্যা, হিসাবশাস্ত্র ও জীববিদ্যা, কারবার সংগঠন ও ব্যবস্থাপনা, অর্থনৈতিক ভূগোল। ঐচ্ছিক বিভাগের বাকি ৩টি গুচ্ছের মধ্য থেকে একটি বিষয় অতিরিক্ত ঐচ্ছিক হিসাবে নিতে হবে। নির্বাচিত ৪টি ঐচ্ছিক বিষয়ের মধ্যে পরীক্ষায় যে বিষয়ে সবচেয়ে কম নম্বর পাবেন, সেটিই অতিরিক্ত ঐচ্ছিক বিষয় হিসাবে গণ্য হবে।

বিজ্ঞান বিষয় নেওয়ার সব প্রার্থীকে মাধ্যমিক পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৩৪%নম্বর পেতে হবে।

প্রতিটি বিষয়ে ১০০ নম্বরের ২টি পত্রের পরীক্ষা হবে। প্রতি বিষয়ের উত্তরণ মান শতকরা ৩০। দু'টি পত্রে একত্রে কমপক্ষে ৬০ নম্বর পেতে হবে। বাংলা ও ইংরিজি-সহ ৩টি ঐচ্ছিক বিষয়ে পাশ করতে হবে। ভর্তি হওয়ার ১ বছরের পর সর্বাধিক ৩টি বিষয়ের পরীক্ষা দিতে হবে। দ্বিতীয় বছরে নির্বাচিত বিষয়ে বা, এক সঙ্গে সব বিষয়ের পরীক্ষা দেওয়া যাবে। ভর্তির সময় যাবতীয় বই-পত্র দেওয়া হবে। ক্লাস হয় সাধারণত ছুটির দিন বা, কাজের দিনে সন্ধ্যাবেলায় কাছাকাছি স্টাডি সেন্টারে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ও প্রস্পেক্টাস হাতে-হাতে পাবেন ১০ জুন থেকে ৯ জুলাই পর্যন্ত। প্রায় ২৪৩টি স্টাডি সেন্টার থেকে। আগ্রহী প্রার্থীরা সংসদের অনুমোদিত পাঠ্যকেন্দ্র থেকে অনলাইনে ভরতি হতে পারবেন। অফলাইনে ভরতি করা হবে না। আরো বিস্তারিত তথ্য জানতে পারবেন সংসদের অফিসের ঠিকানায় : পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ, বিকাশভবন, তৃতীয় তল, পূর্বপার, বিধাননগর, কলকাতা - ৯১। ফোন : (০৩৩) ২৩২১ ৩২৬১। ওয়েবসাইট : www.wbcros.in


এবার আসছি আমরা বহরমপুরে

এবছর মাধ্যমিক / H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

কেরিয়ার ফেয়ার

২১ ও ২২ জুন (শুক্রবার ও শনিবার)

স্পট অ্যাডমিশনের ওপর পাবেন বিশেষ ছাড়

থাকবে দেশ ও রাজ্যের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আইটিআই, নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচারাল আর অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ, চাকরির কোচিং ইনস্টিটিউটের স্টল

থাকছে ফ্রি টিফিন

আকর্ষণীয় গিফট*

উপস্থাপনায় :

কর্মসংস্থান | সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Sponsored by :

PRAGATI

SKILL DEVELOPMENT TRAINING PROVIDER

Co-sponsor :

KALYANI Reliable

MEDICAL | IIT-JEE | FOUNDATION | CUET

Educational Institute

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন :

6291684943

# NEET ও JEE পড়ানোর জন্য বিশেষ প্রকল্পে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় অঙ্ক, ফিজিক্স, বায়োলজি ও কেমিস্ট্রি বিষয়ে অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা নেওয়া হচ্ছে

নিজস্ব প্রতিনিধি : ন্যাশনাল কম্পিউটার সাক্ষরতা মিশন (এন.সি.এস.এম) JEE ও NEET পড়ানোর জন্য বিশেষ প্রকল্পে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বিভিন্ন সেন্টারে অঙ্ক, ফিজিক্স, বায়োলজি ও কেমিস্ট্রি বিষয়ে অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা নিচ্ছে। জেলাভিত্তিক যেসব অঞ্চলে শিক্ষক-শিক্ষিকা নেওয়া হবে সেইসব অঞ্চলের নাম দেওয়া হল — **উত্তর ২৪ পরগনা জেলা** —(১) বাগদা, (২) বারাসাত, (৩) ব্যারাকপুর, (৪) বসিরহাট। **দক্ষিণ ২৪ পরগনা** — (৫) বারুইপুর, (৬) ডায়মন্ডহারবার, (৭) ক্যানিং, (৮) নামখানা। **বাঁকুড়া** — (৯) বাঁকুড়া টাউন, (১০) খাতরা, (১১) বিষ্ণুপুর। **হাওড়া** — (১২) বাগনান। **ঝাড়গ্রাম** : (১৩) ঝাড়গ্রাম। **পশ্চিম বর্ধমান** — (১৪) দুর্গাপুর টাউন। **পশ্চিম মেদিনীপুর** —(১৫) মেদিনীপুর টাউন, (১৬) খড়্গপুর, (১৭) সবং। **পূর্ব মেদিনীপুর** —(১৮) কাঁথি। **পুরুলিয়া** — (১৯) মানবাজার, (২০) পুরুলিয়া টাউন। **আলিপুরদুয়ার** — (২১) আলিপুরদুয়ার, (২২) মাদারিহাট। **বীরভূম** — (২৩) সিউড়ি, (২৪) রামপুরহাট। **কোচবিহার** —(২৫) কোচবিহার টাউন, (২৬) দিনহাটা, (২৭) মাথাভাঙা। **দক্ষিণ দিনাজপুর** —(২৮) বালুরঘাট টাউন। **দার্জিলিং** — (২৯) শিলিগুড়ি টাউন, (৩০) দার্জিলিং। **হুগলি** — (৩১) তারকেশ্বর, (৩২) আরামবাগ, (৩৩) ব্যান্ডেল। **জলপাইগুড়ি** —(৩৪) জলপাইগুড়ি টাউন, (৩৫) মালবাজার, (৩৬) ধুপগুড়ি। **কালিম্পং** —(৩৭) কালিম্পং। **মালদহ** —(৩৮) মালদা টাউন, (৪৯) চাঁচল। **নদীয়া** —(৪০) কৃষ্ণনগর, (৪১) কল্যাণী, (৪২) রানাঘাট। **পূর্ব বর্ধমান** — (৪৩) বর্ধমান, (৪৪) অম্বিকা কালনা, (৪৫) কাটোয়া। **উত্তর দিনাজপুর** —(৪৬) রায়গঞ্জ, (৪৭) ইসলামপুর। **মুর্শিদাবাদ** — (৪৮) জঙ্গিপুর, (৪৯) বহরমপুর। **কলকাতা** — (৫০) কলকাতা। আবেদন করার শেষ তারিখ ২৭ মে। বিস্তারিত জানতে ফোন করুন এই নম্বরে : 9123906966, 7029321302. বায়োডাটা মেল করুন এই আই.ডি-তে : ncsm_pragati@yahoo.com

**Barasat Subhas Chandra College of Education**
Patincha, Mirhati, Nort 24 Parganas, Kol-125
Contact : 8697132020
**Urgently Required Asst. Prof.**
Sub: Math, English, Music, Life Science, Physical Science, Education (B.Ed., D.El.Ed.)
Qualification as per NCTE norms
Email: barasatscce@gmail.com

**NSIC TECHNICAL SERVICES CENTRE**
Govt. of India Enterprise | Ministry of MSME
Japanigate, Balitikuri, Howrah

প্রশিক্ষন প্রাপ্ত সফল ছাত্র-ছাত্রীদের জন্য চাকরির সুযোগ

**ITI Courses offered**
- FITTER (2 YEARS)
- WELDER (1 YEAR)
- SURVEYOR (2 YEARS)
- DMM (2 YEARS)
- MACHINIST (2 YEARS)
- ELECTRICIAN (2 YEARS)

SEATS LIMITED

**Why NSIC?**
- SCOPE FOR 100% PLACEMENT ASSISTANCE
- ON JOB TRAINING
- IN-HOUSE NABL TESTING LAB
- EXPERIENCED FACULTY
- MODERNIZED TOOL ROOM
- ECO-FRIENDLY CAMPUS

FOR ADMISSION, CONTACT: 8910394968 / 9007845489 / 9433048241



Join **BNG**
Hotel Management Institute, Kolkata
World's Most Popular and Job Oriented Course




**HOTEL, HOSPITALITY & TOURISM MANAGEMENT COURSES**

| Program Duration | Total FEE | Fee Payable after Scholarship |
|---|---|---|
| 1 Year<br>Learn & Earn From Day 1 | ~~1,00,000/-~~ | 70,000/- |

INSTANT LOAN available, No Guarantor required. EMI
Bring this Cutout to avail Scholarship Code : #KSRBNG2024
আসন সীমিত
9674062259
9830796307
BNG
The Power House of Hospitality
W: www.bngkolkata.com | E: admin@bngkolkata.com | P: +91 98307 96307 | Toll Free No.: 1800 891 1508

# NETAJI SUBHAS OPEN UNIVERSITY

ESTABLISHED BY W. B. ACT (XIX) OF 1997, Recognized by U.G.C.–DEB
Accredited by NAAC with 'Grade A'
DD-26, Sector-I, Salt Lake, Kolkata-64

**(VOCATIONAL COURSES UNDER THE SCHOOL OF VOCATIONAL STUDIES)**

## ভর্তির বিজ্ঞপ্তি

জুলাই - ২০২৪

- **Diploma in Pre-Primary Teachers' Education- Montessori (DPTE-M)** পাঠকেন্দ্র : **1.Anjali Academy of Management & Technology,** (i) Panskura, Purba Medinipur, M-9733928687/ 9733752904, (ii) Prantik, Bolpur, M-8900540289 / 9733752904, **2. Pranavananda Institute of Management & Technology** – (a) Ballygunge, M- 9331256934/9830216056, (b) Pranab Kanya Sangha, Hridaypur, M-8334079669, 9331256934, (c) Farakka, Murshidabad, M-9732593561/9331256934, (d) Khatra, Bankura, M-9851155029/8348297129, **3. Bijoy Krishna Girls' College,** Howrah, Ph. 9007559968/ 26404729, **4. Balagarh Bijoykrishna Mahavidyalaya,** Hooghly, M- 9434661614/ 8926542479, **5. Bengal Bratachari Society,** Thakurpukur, M-9433395708, **6.BKM College of Education,** Purulia, M - 9434334296/ 8918834881, **7. Dodhichi Trust,** Purba Bardhaman, M-8972084560/9647108870, **8.Gourangdi B.Ed. College,** Paschim Bardhaman, M - 9563940090/9614445474, **9. George Kids** (Bolpur, Kalyani, Haridevpur), M : 6292313904/ 6292328243 / 9830277175, **10. Institute of Psychological and Educational Research,** Kolkata, M-7989192093 / 9831083975, **11. Maharani Kasiswari College,** Kolkata, M-9674424451/ 8910332010, **12. Nari Siksha Samity,** Paschim Medinipur, M-9433054996, 03221-255331, **13. Nabadwip Bakultala School of Education,** Nabadwip, Nadia, M-9775555572/9332066107, **14. Agami Nirman 2003,** Sarsuna, Kolkata, M-9830661752/ 9038229768, **15. Sarojini Naidu College,** Kolkata, Ph-2559-2583/ 2529-8439, **16. Shanti Devi Vidyaniketan,** Plassey, Nadia, M-9800202184/ 9733638357, **17, Surendralal Das Teachers' Training College** , Nischinda (Bally), Howrah, M- 6290793874, **18. Vidyasagar Foundation,** Purulia, Ph.8017208801/ 7866918956, **19. Vivekananda Educational Institute,** Jalpaiguri, M-8918929973/ 9735881001.
- **Advanced Diploma in Psychological Counselling,** পাঠকেন্দ্র : **1. Annapurna Society for Urban and Rural Community Development,** Birbhum, M-9476339503, **2.Girindra Shekhar Institute of Psychological Education & Research,** Kolkata, M : 8902358430, **3. Institute of Psychological and Educational Research,** Lake Gardens, Kolkata, M-7989192093 / 9831083975, **4. Nazirpur Rainbow Educational Institute,** Nazirpur, Murshidabad, M -9733070694/9434882471, **5.Surendralal Das Teachers' Training Surendralal Das Teachers' Training College,** Howrah, M- 6290793874, **6.Shanti Devi Vidyaniketan,** Nadia, M-9800202184 / 9733638357, **7. Shivananda Health Society,** Kolkata, M-9432012294, **8. Vivekananda Educational Institute,** Jalpaiguri, M-8918929973/ 9735881001, Ph-239300520, **9. Vidyasagar Foundation,** Purulia, M.8017208801/7866918956, **10. Psychosocial Health Awareness and Welfare Organization,** Siliguri, M-7384857525 / 9647018072.
- **Advanced Diploma in Hospital Front Office Management,** পাঠকেন্দ্র : Ruby General Hospital, Kasba, Kolkata, M-8335804444/9831227380.
- **Advanced Diploma in Needle Work and Knitting,** পাঠকেন্দ্র : 1) **Arabindranagar Youth Academy,** Jalpaiguri, M-8250543330/ 9749315422, **2.Nari Siksha Samity** (Only for girls), Kolkata, **3.Nari Siksha Samity** (only for Girls), Jhargram, Paschim Medinipur, Ph-9433054996/ 03221-255331 / 03221-255137, **4.Suri Mahila Samity** (only for Girls), Suri, Birbhum, M-9476338671/9734456534, **5.Nazirpur Rainbow Educational Institute,** Nazirpur, Murshidabad, M -9733070694/9434882471.
- **Advanced Diploma in Applied Yoga & Naturopathy,** পাঠকেন্দ্র : **1. Anindya Yoga Society,** Kolkata, M- 9331092430/8017276249, **2. Pranavananda Institute of Management & Technology,** (a) Ballygunge, Kolkata, M- 9331256934/9830216056, (b) Khatra, Bankura, M-9433448969/8348297129, (c) Malda, M-9474653567/9331256934, **3.Nazirpur Rainbow Educational Institute,** Nazirpur, Murshidabad, M-9733070694/ 9434882471, **4. Anjali Academy of Management & Technology,** Panskura, Purba Medinipur, M-9733928687/ 9733752904, **5. Shivananda Health Society,** Kolkata, M-9432012294/ 9239300520, **6. Shanti Devi Vidyaniketan,** Plassey, Nadia, M-9800202184/ 9733638357, **7. Vivekananda Educational Institute, Jalpaiguri,** M-8918929973/ 9735881001.
- **Diploma in Fire Safety & Security Management,** পাঠকেন্দ্র : **1. Anjali Academy of Management & Technology,** Panskura, Purba Medinipur, M- 9434453144/ 9733928687, **2.Pranavananda Institute of Management & Technology,** (a) Kolkata, M : 9331256934/9830216056, (b) Malda, M : 9474653567, (c) Khatra, M-9433448969 / 8348297129, **3.Nazirpur Rainbow Educational Institute,** Murshidabad, Nazirpur, M-9733070694/ 9434882471, **4.Vivekananda Educational Institute,** Jalpaiguri, M-8918929973/ 9735881001.
- **Tailoring & Dress Designing – a. Advance Certificate, b. Advanced Diploma,** পাঠকেন্দ্র : **1. Anjali Academy of Management & Technology,** (i) Panskura, Purba Medinipur, M-9434453144/ 9733928687, (ii) Prantik, Bolpur, M-8900540289 / 9733752904, **2. Pranavananda Institute of Management & Technology,** (a) Diamond Harbour, M-9331256934/ 9836578403, (b) Pranab Kanya Sangha, Hridaypur, M-8334079669,9331256934, (c) Uttar Dinajpur, M-9382878853/ 9851068083, (d) Bardhaman, M-9679711007, (e) Malda, M-9434836786, (f) Khatra, Bankura, M-9433448969/8348297129, (g) Purulia, M-7584932680/9331256934, **3.Bengal Bratachari Society,** Thakurpukur, Kolkata, M-9433395708, **4.Nari Siksha Samity,** Kolkata, M-9433054996/ 8972736705/ 23544996, **5.Nari Siksha Samity,** Jhargram, Paschim Medinipur, Ph-9433054996 /03221-255331/ 03221-255137, **6. Al-Ameen Memorial Minority College,** Joynagar, 24Parganas (S), M-9874854960/ 9674331935, **7.Shanti Devi Vidyaniketan,** Plassey, Nadia, M-9800202184/ 9733638357, **8. Vivekananda Educational Institute,** Jalpaiguri, M-8918929973/ 9735881001, **9. MM Vocational College & Research Centre,** Jasur, Habra, M-9593193327.
- **Diploma/ Advanced Diploma in Visual Arts (Painting/ Applied Art/Graphic Design),** পাঠকেন্দ্র : Abesh Innovation, Madhyamgram, Kolkata, Phone : 7278765945.

**ভর্তির আবেদনপত্র ও ফি জমা দেওয়ার শেষ তারিখ 30.06.2024. Help Desk : 033-4058 5127 / 4066 3220**

**ADMISSION OPEN FOR TRAINING PROGRAMME UNDER CLL**

**বিশদে জানার জন্য ওয়েবসাইট দেখুন : www.wbnsou.ac.in**

Director (i/c), SVS

- By Order
Registrar

# SRISTI HOTEL MANAGEMENT COLLEGE

## MANAGEMENT COURSES

**Degree in Hotel Management**
Duration : 3 years ● Eligibility : HS

**Degree in Hospitality Management**
Duration : 3 years ● Eligibility : MP, HS

**Advanced Diploma in Hospitality Management**
Duration : 2 years ● Eligibility : HS

**Certificate Course in Hotel Operation**
Duration : 1 year ● Eligibility : MP, HS

কোর্স চলাকালীন স্টাইপেন্ডের সুবিধা

শিক্ষান্তে চাকরির গ্যারান্টি

হোটেল ম্যানেজমেন্ট কোর্স করে মাত্র 3 মাসে Job-এ জয়েনিং



9163 292 000

Kolkata Airport Campus


www.sristiem.com

উচ্চমাধ্যমিক পাশ সকল কৃতি ছাত্রছাত্রীকে জানাই অভিনন্দন ও শুভেচ্ছা

# SRISTI EDUCATION & MANAGEMENT COLLEGE

We associated with WBNC, WBUHS, INC, PCI Affiliated Colleges

## B.Pharm • GNM • B.Sc. Nursing



www.sristiem.com

INC / WBNC / WBUHS / PCI স্বীকৃত কলেজে পশ্চিমবঙ্গে সবচেয়ে কম খরচে ভর্তি চলছে

## PARAMEDICAL

## D.Pharm • M.Pharm

এছাড়া- মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, BA, MA, B.Sc., M.Sc., B.Com., M.Com. একচান্সে পাশ করুন


জেলাভিত্তিক যেকোন ধরনের শিক্ষাপ্রতিষ্ঠানে যুক্ত ব্যক্তিরা আমাদের সাথে কাজ করতে যোগাযোগ করুন। M: 9163297000

# SRISTI ANIMATION & MULTIMEDIA COLLEGE

## চাকরির ভবিষ্যৎ মাথায় রেখে উচ্চমাধ্যমিক পাশ ছাত্র-ছাত্রীদের জন্য অ্যানিমেশন কোর্স একমাত্র দিশা

JOB GUARANTEE

ADMISSION GOING ON



## COURSE DETAILS

### Bachelor Degree in Animation & VFX
Duration : 3 years ● Eligibility : H.S Pass

### Diploma in Animation & VFX
Duration : 1 year ● Eligibility : H.S Pass

### Advance Diploma in Animation & VFX
Duration : 3 years ● Eligibility : H.S Pass

### Web Development & Design
Duration : 1 year ● Eligibility : H.S Pass

### Digital Marketing & SEO
Duration : 1 year ● Eligibility : H.S Pass

### App Development
Duration : 1 year ● Eligibility : H.S Pass

পশ্চিমবঙ্গের ব্লক ও জেলাভিত্তিক কম্পিউটার সেন্টার, কোচিং সেন্টার ও যেকোনো ধরনের শিক্ষা প্রতিষ্ঠান থাকলে আমাদের সাথে যুক্ত হয়ে প্রতি মাসে ২ থেকে ৩ লাখ আয় করুন

**Contact for Franchaisee :**
**9163292000**

***For Admission Call***

**6289984033, 9051731474, 8420777441**

www.sristisami.co.in

B.T. College More, Modhyamgram, Beside Dolphin Hotel, Near Airport, Kolkata- 700133

উঃ ও দঃ ২৪ পরগনা : 9123674204 ● নদীয়া, মুর্শিদাবাদ : 7478291971 ● হাওড়া, হুগলী, বর্ধমান : 9836902256 ● নর্থ বেঙ্গল : 8420777441
বীরভূম, দুর্গাপুর, আসানসোল : 9051731474 ● পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া : 6289984033 ● উঃ ও দঃ দিনাজপুর : 8927247100

## বি.এস.এফ'এ ১৪১ নার্স, টেকনিশিয়ান

১ পাতার পর

**সাব ইন্সপেক্টর (স্টাফ নার্স)** : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা জেনারেল নার্সিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। কেন্দ্রীয় বা, রাজ্য নার্সিং কাউন্সিলে নার্স হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। টিউবারক্লুসিস ক্ষেত্রে, হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন, সিস্টার টিউটর, পাব্লিক হেলথ সংক্রান্ত ক্ষেত্রে কাজ করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে: ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। শূন্যপদ : ১৪টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

**অ্যাসিস্ট্যান্ট সাব ইন্সপেক্টর (ল্যাবরেটরি টেকনিশিয়ান)** : সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মেডিক্যাল ল্যাব টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২৩০০ টাকা। শূন্যপদ : ৩৮টি (জেনাঃ ১২ ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১২ তঃউঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪)।

**কনস্টেবল (কেন্নেলম্যান)** : মাধ্যমিক পাশরা পশু সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

**কনস্টেবল (স্টোরকীপার/অটো ইলেক্ট্রিশিয়ান / ভেহিক্যাল মেকানিক / ফিটার/ কার্পেন্টার /আপহোলস্টার/ টার্নার / অপারেটর টায়ার রিপেয়ার প্লান্ট / ব্ল্যাক স্মিথ বা, টিন স্মিথ)** : মাধ্যমিক পাশ ছেলেরা আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা কোনো নামি সংস্থায় সংশ্লিষ্ট ট্রেডে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকলেও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে: ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ: **অপারেটর টায়ার রিপেয়ার প্লান্ট**-১টি (তঃজাঃ)। **স্টোরকীপার**-১টি (ও.বি.সি.)। **ফিটার** ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)। **কার্পেন্টার** ২টি (জেনাঃ)। **অটো ইলেক্ট্রিশিয়ান** ১টি (ও.বি.সি.)। **ভেহিক্যাল মেকানিক** ২ ২টি (জেনাঃ ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ৪)। **ব্ল্যাক স্মিথ বা, টিন স্মিথে** ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। **আপলোহস্টার** ১টি (ও.বি.সি.)।

**অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (ফিজিওথেরাপিস্ট)** : সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা ফিজিওথেরাপির ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আর কোনো হাসপাতালে ৬ মাস কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২০ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে: ২৯,২০০-৯২৩০০ টাকা শূন্যপদ : ৪৭টি (জেনাঃ ১৯, ই.ডব্লু.এস. ৯, ও.বি.সি. ২৪, তঃউঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৪)।

**হেড কনস্টেবল (ভেটেরিনারি)** : উচ্চমাধ্যমিক পাশরা ভেটেরিনারি স্টক অ্যাসিস্ট্যান্টের ১ বছরের কোর্স পাশ হলে ও ১ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১)।

ওপরের সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

সাব-ইন্সপেক্টর (স্টাফ নার্স), অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (ডেন্টাল টেকনিশিয়ান), অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (ল্যাব টেকনিশিয়ান), জুনিয়র এক্স-রে অ্যাসিস্ট্যান্ট (হেড কনস্টেবল), হেড কনস্টেবল (ভেটেরিনারি) ও কনস্টেবল (কেন্নেলম্যান) পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ছেলেদের বেলায় ১৬৫ (মেয়েদের বেলায় ১৫০) সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

কনস্টেবল (টেবিল বয়) ও কনস্টেবল (ওয়ার্ড বয়, ওয়ার্ড গার্ল বা, আয়া) পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ছেলেদের বেলায় ১৬৭.৫ (মেয়েদের বেলায় ১৫৭) সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ডান চোখে ৬/৬ ও বাঁ চোখে ৬/১২ কিংবা উভয় চোখে ৬/৯। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, ট্যারা চোখ থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা, ট্রেড টেস্ট, ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : https.rectt.bsf.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৩ বাহিনীতে ৪০৪ অফিসার

১ পাতার পর

আবেদন করতে পারেন।

ন্যাভাল অ্যাকাডেমিতে শুধুমাত্র ছেলেরা আর আর্মি, নেভি ও এয়ারফোর্সে ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন। আগামী বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য।

সব বাহিনীর ক্ষেত্রেই জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০৬ থেকে ১-১-২০০৯'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি (বিমানবাহিনীর বেলায় ১৬২৫ সেমি), বয়স ও উচ্চতার অনুপাতে ৪৫ কেজি থেকে ৬৫ কেজি ওজন। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় চশমা ছাড়া ৬/৬ বা, ৬/৯ (যা ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য) ও কাছের বেলায় ±৫। এছাড়া লাল ও সবুজ রঙ আলাদাভাবে চেনার ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি ও সুস্বাস্থ্য দরকার। দৈহিক ত্রুটি থাকলে আবেদন করার যোগ্য নন। আর্মি, নেভি ও এয়ারফোর্সে ১৫৪তম আর ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমির ১১৬তম কোর্সের ট্রেনিং শুরু ২০২৫ সালের ২ জুলাই।

শূন্যপদ : ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে (১৫৩তম কোর্সে) — ৩৭০টি। এর মধ্যে সেনাবাহিনীতে ২০৮ (ছেলে ১৯৮, মেয়ে ১০), নৌবাহিনীতে ৪২টি (ছেলে ৩৬, মেয়ে ৬), বিমানবাহিনীর ফ্লাইং ব্রাঞ্চে ৯২টি (ছেলে ৯০, মেয়ে ২), গ্রাউন্ড ডিউটি (টেক)-এ ১৮টি (ছেলে ১৬, মেয়ে ২), গ্রাউন্ড ডিউটি (নন-টেক)-১০টি (ছেলে ৮, মেয়ে ২)।

ন্যাভাল অ্যাকাডেমিতে (১১৩তম কোর্সে) (১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিম) ৩৪টি (ছেলে ২৯, মেয়ে ৫)। এই পদের বিজ্ঞপ্তিনং : 10/2024-NDA-II, Dated: 15-05-2024.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (II), ২০২৪'র মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা, ১ সেপ্টেম্বর। পূর্ব-ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, গ্যাংটক, কটক, দিসপুর (গুয়াহাটি), শিলঙ, জোরহাট, পটনা, আগরতলা ও পোর্ট ব্লেয়ার। মোট ১ দিনের পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার : (১) ৩০০ নম্বরের ম্যাথমেটিক্স (কোড ০১), (২) ৬০০ নম্বরের জেনারেল এবিলিটি টেস্ট (কোড ০২)। প্রতিটি পেপারে থাকবে আড়াই ঘন্টা করে সময়। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে ৯০০ নম্বরের ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট হবে। এই টেস্টে থাকবে ভার্বাল ও নন-ভার্বাল প্রশ্ন। এরপর হবে গ্রুপ ডিসকাশন, গ্রুপ প্ল্যানিং, আউটডোর গ্রুপ টাস্ক ও একটি বিশেষ বিষয়ে সংক্ষিপ্তবক্তৃতা। সফল হলে ৩ বছরের ট্রেনিং। প্রথম আড়াই বছর হবে পুণের 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি'তে। এই ট্রেনিংয়ে সফল হলে দিল্লির জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের বি.এ. বা, বি.এসসি. পাশের সার্টিফিকেট পাবেন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষা হওয়ার ৩ সপ্তাহ আগে থেকে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.upsc.gov.in

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://www.upsconline.nic.in অনলাইনে দরখাস্ত করার জন্য প্রথমে পার্ট-ওয়ান ও পরে পার্ট-টু রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্ত করার আগে প্রথমে ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। স্ক্যান করা প্রতিটি অংশ ৪০ কে.বি.'র মধ্যে হতে হবে। তবে ফটো ৩ কে.বি. ও সিগনেচার ১ কে.বি.'র নিচে হলে হবে না। এছাড়াও পরীক্ষা ফী বাবদ ১০০ (মহিলা ও তপশিলীদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে দিতে পারেন কিংবা এস.বি.আই. নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে বা, ভিসা /মাস্টার কার্ড / ক্রেডিট কার্ড / ডেবিট কার্ডের মাধ্যমে দিতে পারেন, ৪ জুনের মধ্যে।

## আই.টি.আই কোর্স

১ পাতার পর

সরকারের ন্যাশনাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিংয়ের (এন.সি.ভি.টি) অনুমোদিত ক্র্যাফটসম্যান ট্রেনিং স্কিমে প্রায় ৪৪টি ট্রেডের সার্টিফিকেট কোর্সে ভরতির শেষ তারিখ বাড়িয়ে ৩১ মে করা হয়েছে। সেশন শুরু আগস্টে।

আই.টি.আই. গুলিতে ২ বিভাগের ট্রেড কোর্স পড়ানো হয় : M গ্রুপ ও E গ্রুপ। কারা কোন গ্রুপে ভরতির জন্য যোগ্য :

**গ্রুপ-E** : ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা এই গ্রুপের ট্রেডের জন্য আবেদন করতে পারেন। 'ই' গ্রুপে ভরতি হতে পারবেন এইসব ট্রেডে : কার্পেন্টার, ম্যাসন, শীট মেটাল ওয়ার্কার, ওয়েল্ডার, পেইন্টার জেনারেল, ওয়্যারম্যান, কাটিং অ্যান্ড সিউয়িং /সিউয়িং টেকনোলজি। পেইন্টার জেনারেল ও ওয়্যারম্যান ট্রেড ২ বছরের আর অন্যান্য ট্রেড হল ১ বছরের।

**গ্রুপ-M** : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। 'এম' গ্রুপে ভরতি হতে পারবেন এইসব ট্রেডে — **১ বছরের ট্রেডগুলি হল** : মেকানিক (ডিজেল), ফাউন্ড্রিম্যান/ফাউন্ড্রিম্যান টেকনিশিয়ান, প্লাস্টিক প্রসেসিং অপারেটর, প্লাম্বার, মেকানিক মোটর সাইকেল, সার্ভেয়র, কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক মেন্টেন্যান্স, মেকানিক অটো বডি রিপেয়ার, ওয়েল্ডার পাইপ, বেকার অ্যান্ড কনফেকশনার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ক্রাফটসম্যান ফুড প্রোডাকশন (জেনারেল) / ফুড প্রোডাকশন (জেনারেল), ডেস্ক টপ পাব্লিশিং অপারেটর, ড্রেস মেকিং, ফ্যাশন টেকনোলজি / ফ্যাশন ডিজাইন টেকনোলজি, হেয়ার অ্যান্ড স্কিন কেয়ার / বেসিক কসমেটোলজি, হেলথ স্যানিটারি ইন্সপেক্টর, হর্টিকালচার, প্রিজার্ভেশন অফ ফ্রুটস অ্যান্ড ভেজিটেবিলস /ক্র্যাফটসম্যান ফ্রুট অ্যান্ড ভেজিটেবিল প্রসেসিং, সেক্রেটারিয়েল প্র্যাক্টিস (ইংলিশ), স্টুয়ার্ড /ফুড অ্যান্ড বেভারেজ গেস্ট সার্ভিস অ্যাসিস্ট্যান্ট, কম্পিউটার অ্যাডেড এমব্রয়ডারি অ্যান্ড ডিজাইনিং, ফ্রন্ট অফিস অ্যাসিস্ট্যান্ট ও ফুড বেভারেজ।

**২ বছরের ট্রেডগুলি হল** : টার্নার, ফিটার, ইলেক্ট্রিশিয়ান, অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট), ড্রাফটসম্যান (সিভিল), ড্রাফটসম্যান (মেকানিক্যাল), ইলেক্ট্রনিক্স মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট), আই.টি.ই.এস.এম./ আই.সি.টি.এস.এম, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট), মেশিনিস্ট, মেশিনিস্ট গ্রাইন্ডার, মেন্টেন্যান্স মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট), মেকানিক কম্পিউটার হার্ডওয়্যার, মেকানিক মোটর ভেহিক্যাল, মেকানিক আর.এ.সি., টুল অ্যান্ড ডাই মেকার (ডাইস অ্যান্ড মোল্ড), টুল অ্যান্ড ডাই মেকার (প্রেস টুলস, জিগস অ্যান্ড ফিক্সার), ইনফর্মেশন টেকনোলজি।

সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১-৮-২০২৪'র হিসাবে ন্যূনতম ১৪ বা, তার বেশি, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ১-৮-২০১০'এর আগে। উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। যে কোনো বয়সের প্রার্থীরাই আবেদনের যোগ্য। নির্দিষ্ট কয়েকটি ট্রেডে মহিলা প্রার্থী না পাওয়া গেলে ছেলেরা ওই চারটি মহিলা ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউটে ভরতির জন্য আবেদন করতে পারবেন। তপশিলী জাতির প্রার্থীদের জন্য ২২%, তপশিলী উপজাতি প্রার্থীদের জন্য ৬%, ও.বি.সি.'দের জন্য ৭%, শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৪%, ই.ডব্লু.এস. প্রার্থীদের জন্য ১০% ও মহিলাদের জন্য সাধারণ আই.টি.আই.-/আই.টি.সি.'তে ২০%সীট সংরক্ষিত। টিউশন ফী প্রথম ৬ মাস মাসে ৩০ টাকা করে। ভরতি ফী ১০০ টাকা। রেজিস্ট্রেশন ফী ৩০ টাকা (কন্যাশ্রী প্রার্থীদের জন্য ১৫ টাকা)। কশান মানি ১০০ টাকা। ভেরিফিকেশন চার্জ ১০০ টাকা।

**প্রার্থী বাছাই পদ্ধতি** : দুই গ্রুপের বেলায়ই প্রার্থী বাছাই করবে 'ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট'।

'M' গ্রুপের বেলায় প্রার্থী বাছাই হবে মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। শুধুমাত্র মাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হবে। মেধা তালিকায় র‍্যাঙ্ক অনুযায়ী পছন্দ মতো প্রতিষ্ঠানে ভরতি হতে পারবেন ও ট্রেড বেছে নিতে পারবেন।

'E' গ্রুপের বেলায় প্রার্থী বাছাই হবে ক্লাস এইট পাশে পাওয়া নম্বর দেখে। চূড়ান্ত মেধা তালিকা আপলোড করা হবে জুলাইয়ে। অনলাইন কাউন্সেলিং হবে জুলাইয়ে।

দরখাস্ত করতে পারবেন অনলাইনে, ৩১ মে পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://scvtwb.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে অনলাইনে অ্যাপ্লিকেশন ফর্মে ক্লিক করে যাবতীয় তথ্য সঠিকভাবে দিন। তারপর ফটো ও সিগনেচার আপলোড করে 'Save & Proceed'এ ক্লিক করলে দরখাস্ত সাবমিট হয়ে যাবে। এরপর পরীক্ষা ফী বাবদ ২০০(মহিলা হলে ১০০) টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। কোন কোন প্রতিষ্ঠানে কী কী ট্রেড আছে তা ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## পলিটেকনিকে ল্যাটারাল এন্ট্রি

১ পাতার পর

কেমিক্যাল, সিভিল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সফটওয়্যার টেকনোলজি, সাইবার ফরেন্সিক্স অ্যান্ড ইনফর্মেশন সিকিউরিটি, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম, ফুড প্রসেসিং টেকনোলজি, ফুটওয়্যার টেকনোলজি, জিওগ্রাফিক ইনফর্মেশন সিস্টেম অ্যান্ড গ্লোবাল পশিসনিং সিস্টেম, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, ইন্টেরিয়র ডেকরেশন, লেদার গুডস টেকনোলজি, মেকানিক্যাল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেটালার্জিক্যাল, মাইনিং, মাইন সার্ভেয়িং, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, মাল্টিমিডিয়া টেকনোলজি, প্যাকেজিং টেকনোলজি, ফটোগ্রাফি, প্রিন্টিং টেকনোলজি, রিনিউয়েবল এনার্জি, সার্ভে ইঞ্জিনিয়ারিং, ওয়েব ডিজাইনিং, কমিউনিকেশন অ্যান্ড কম্পিউটার নেটওয়ার্কিং, কনস্ট্রাকশন অটোমেশন অ্যান্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা (ল্যাটারাল এন্ট্রি) কোর্সের দ্বিতীয় বর্ষে ভরতির দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ৩১ মে করা হয়েছে।

পশ্চিমবঙ্গ রাজ্য কাউন্সিল অফ ভোকেশনাল এডুকেশন অ্যান্ড ট্রেনিংয়ের অধীন (১০+২) সিস্টেমে ভোকেশনাল শাখায় ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি বিষয়ে উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। এবছর যাঁরা ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবেন, তাঁরাও আবেদনের যোগ্য।

মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ২ বছরের কোর্স পাশ হলেও যোগ্য। বয়সের কোনো কড়াকড়ি নেই।

অঙ্ক বা, বায়োলজি বিষয় -সহ ফিজিক্স ও কেমিস্ট্রি আবশ্যিক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ বা, অ্যাপিয়ার্ড প্রার্থীরাও যোগ্য।

অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ বা, অ্যাপিয়ার্ড প্রার্থীরাও যোগ্য। ২ বছরের কোর্স। বয়সের কোনো কড়াকড়ি নেই।

প্রার্থী বাছাই করবে 'ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট'। এবার কোনো লিখিত এন্ট্রান্স টেস্ট হবে না। সরাসরি নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি করা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ মে পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://scvtwb.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৪৫০ (কন্যাশ্রী প্রার্থী হলে ২২৫) টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, ইউ.পি.আই.-তে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# TIIME College of Engineering

*Recognised by CET(I), approved by AICTE (present policy) & NCVT, Govt. of India*

**Admission Open for 2024**

*Engineering Courses (Diploma / Degree)*

Civil | Mechanical | Elec. & Comm. | Electrical | Automobile | Computer Sc. | Fire & Safety



**ITI COURSES**

Electrician | Surveyor

Scholarship Available

চাকুরীজীবিদের জন্য বিশেষ সুবিধা।

Admission Enquiry:
033-25444644 / 9143234509
9831988262 / 9143237745

# TIIME College of Hotel Management

*Recognised by NSC(I) which is Collaborated with UGC approved university, Govt. of India.*

Hotel Management | Hospitality Management | Hospital Management | Aviation Management



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর Hotel & Hospitality Management পড়ে দেশে বিদেশে নিশ্চিত চাকরী

Scholarship Available

100% JOB ASSISTANCE

Admission Enquiry: 8334096416 / 9875633140 / 9143237745

# TIIME College of Paramedical Sc.

*Recognised by NSC(I) which is Collaborated with UGC approved university, Govt. of India.*

মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকের পর উজ্জ্বল ভবিষ্যৎ গড়তে নিম্নোক্ত কোর্সে ভর্তি চলছে -



MEDICAL LABORATORY TECHNICIAN



OPERATION THEATRE TECHNICIAN



PHYSIOTHERAPIST

100% JOB ASSISTANCE
SCHOLARSHIP AVAILABLE

Admission Enquiry:
9875633140 / 8334096416
9831988262 / 9143237745

# National Skill Council (India)

***Collaborated with UGC approved university, Govt. of India.***

মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকের পর উজ্জ্বল ভবিষ্যৎ গড়তে নিম্নোক্ত কোর্সে ভর্তি চলছে -

B.A., B.Com., B.Sc., M.A., M.Com., M.Sc. B.Libs., M.Libs., B.J.M.C., M.J.M.C., B.C.A., M.C.A., M.Sc.(IT), B.B.A., M.B.A., B.S.W., M.S.W., L.L.B., L.L.M.

IN ALL INDIA
100 + Study Centre
120 + Courses
5000+ Students

মুক্ত বিদ্যালয় (CIOSSE) থেকে একচান্সে মাধ্যমিক (SSME) ও উচ্চমাধ্যমিক (SSSME) পাশ করার সুযোগ।

Franchise Enquiry : 9051529052

**Council of Paramedical Sc. :-**
- Medical Laboratory Technician (M.L.T.)
- Opertion Theatre Technician (O.T.T.)
- Physiotheraphy Technician (P.T.T.)

**Council of Hotel, Hospitality & Tourism Mgmt. :-**
- Hotel Management
- Aviation Mgmt.
- Hospitality & Tourism Mgmt.
- Hospital Mgmt.

**Council of Community Medical Science :-**
- DCMS (গ্রামীন ডাক্তার)
- Nursing Assistant
- Dietician

**Council of Teachers Training :-**
- Pre-Primary Teachers Training
- Montessori Teachers Training

**Council of Beauty & Wellness :-**
- Makeup Artist
- Nail Artist
- Hair Stylist
- Cosmetology

**Council of Youth Computer Training :-**
- Computer Fundamental
- Computer Application
- DTP
- Tally
- Information Technology
- C, C++.
- Visual Basic
- Oracle & SQL
- Web Design
- Multimedia & Animation

**Council of Electrical & electronics Services :-**
- AC & Refrigerator Technician
- Smart Phone Repairing
- CCTV Installation
- Set-top Box Installation
- EPABX System

**Council of Construction & Infrastructural Development:-**
- Civil Draftsman, Auto-CAD
- Amin Surveyor / Land Surveyor

Admission Enquiry:
9831988262 / 8334096416 / 9875633140 / 9143234509 / 033-25345024/25

# কফি শপ বা কাফে

ব্যবসা

১ পাতার পর



সুকৃৎ বসু

ফুলে ফেঁপে উঠছে। স্বল্প বিনিয়োগে এই ব্যবসা অবশ্যই শুরু করা যেতে পারে। জল ও চায়ের পর দেশে সবচেয়ে জনপ্রিয় পানীয় হল কফি। এই পানীয়ের জনপ্রিয়তার জন্য দেশের শুধুমাত্র বিভিন্ন মেট্রো শহর নয়, টায়ার ১ আর টায়ার ২ শহরেও গত কয়েক বছরে বিপুল পরিমাণে বেড়েছে কফি শপ। বিশ্লেষকরা মনে করেন, এই ব্যবসা শুরু করার জন্য প্রচুর টাকা বিনিয়োগের দরকার পড়ে না। তাই এই 'কফি শপ' বা 'কাফে' বেশ জনপ্রিয় হয়ে উঠেছে।

**কফির বাজার সম্প্রসারণ :** আমাদের দেশে চায়ের পর সবচেয়ে বেশি বিক্রিত পানীয় হল কফি। সারা বিশ্বে এই পানীয়ের চাহিদা ক্রমাগত বেড়েই চলেছে। সাম্প্রতিক এক গবেষণা অনুসারে, বিশ্ব জুড়ে ২০২৩ সালে কফির বাজার থেকে আয় হয়েছে প্রায় ৪৯৪ মিলিয়ন মার্কিন ডলার, যা ২০১৫ সালের নিরিখে এটি প্রায় দ্বিগুণ। আগামী দিনেও কফির চাহিদা যে বাড়বে, তাতে সন্দেহ নেই। তাঁদের পূর্বাভাস, এই সময়ে কফি শিল্পের বৃদ্ধির হার ১৫% হতে পারে।

**কফি শপে কী ধরনের খাবার বা পণ্য রাখা হয় :** কফি শপে বিভিন্ন বয়সের, বিভিন্ন মানসিকতার মানুষের আনাগোনা থাকে। অনেকে আবার কফি হয়ত খানই না কফি শপে ঢুকে। কফির বদলে সাজানো ব্র্যান্ডেড টি-শার্ট পছন্দ করে কেনেন। সঙ্গে ঠান্ডা পানীয় খান। অনেকে আবার ঘণ্টার পর ঘণ্টা বসে ল্যাপটপে কাজ করে চলেন সেইসঙ্গে কাপের পর কাপ কফি অর্ডার দিয়ে চলেন। মাঝে মধ্যে স্যান্ডউইচ খেয়ে চলেন। অনেক কফি হাউসে কয়েকটি বিশিষ্ট মুখরোচক খাবার বিখ্যাত — যেমন ফিশ ফ্রাই, কাটলেট, চপ ইত্যাদি। সেখানে অনেকে মিলে আড্ডা দিয়ে পছন্দের মুখরোচক খাবারের সঙ্গে কফি খেয়ে ২-৩ ঘণ্টা পরে চলে যান। ছোটো বড়ো অনেক ধরনের কফি শপ থাকে। মার্কেট রিসার্চ করে লোকালিটি দেখে কাস্টোমারের রুচি বিচার করে অনেক কফি শপ অনেক রকমের খাবার বা পণ্য রাখে ও বিক্রি করে। অনেক কফি শপ আবার প্রাতঃরাশের খাবার তৈরি করে বিক্রি করে। জনপ্রিয়তা পেলে সকালেও অনেকে ভিড় করে আসেন কফি শপে। পছন্দের প্রাতঃরাশ সেরে অফিস চলে যান। তাই এককথায় কফি শপে বিভিন্ন রকমের খাবার — প্যাস্ট্রি, কেক, ডোনাড, স্যান্ডউইচ, চপ, কাটলেট থাকতে পারে — সঙ্গে বিভিন্ন স্টাইলিশ জিনিস, টি-শার্ট — ডিসপ্লে করে বিক্রিও করা হয়। তবে তা নির্ভর করে জায়গার ওপর। কফি শপ বা ক্যাফে হল একটা স্থাপনা, যা প্রাথমিকভাবে বিভিন্ন ধরনের কফি পরিবেশন করে থাকে — এসপ্রেসো, ল্যাটে আর ক্যাপুচিনো। কিছু কফি শপ ঠান্ডা পানীয় পরিবেশন করে থাকে — যেমন আইসড কফি। ইউরোপে অ্যালকোহল যুক্ত পানীয় ও পরিবেশন করে ক্যাফে।

কলেজ স্ট্রিট কফি হাউস বা ইন্ডিয়ান কফি হাউস সাংস্কৃতিক ঐতিহাসিক মিটিং প্লেস। এই ঐতিহ্যবাহী কফি হাউস বাঙালির বিখ্যাত আড্ডা স্থল। কলকাতা বিশ্ববিদ্যালয়, প্রেসিডেন্সি কলেজ আর কলেজ স্ট্রিটের অন্যান্য প্রতিষ্ঠানের বুদ্ধিজীবী ও ছাত্রদের জন্য একসময় নিয়মিত আড্ডা আর বিখ্যাত মিটিং প্লেস ছিল। এখনও আছে। এই কফি হাউসের খাদ্য তালিকায় আছে — (১) বিভিন্ন রকমের কফি। (২) বিভিন্ন রকমের এগ আইটেমস — এগ ফ্রায়েড, অমলেট ইত্যাদি। (৩) বিভিন্ন রকমের চিকেন স্ন্যাকস — কাটলেট, কবিরাজ। (৪) বিভিন্ন রকমের মটন স্ন্যাকস — কাটলেট, আফগানি ইত্যাদি। (৫) বিভিন্ন রকমের ফিশ স্ন্যাকস — ফিশ ফ্রাই ইত্যাদি। (৬) বিভিন্ন ধরনের স্যান্ডউইচ।

**এই ব্যবসায় কী কী লাইসেন্স লাগে : (১) স্বাস্থ্য বাণিজ্য লাইসেন্স :** পুরসভা ও পুরনিগম এই লাইসেন্স দিয়ে থাকে। **(২) ইটিং হাউসের লাইসেন্স :** পুলিশ কমিশনারের কাছে আবেদন করতে হয়। **(৩) বিমা প্রয়োজনীয় :** বিমা কোম্পানির কাছ থেকে বিমা করাতে হবে। (৪) ফায়ার সিকিউরিটি সার্টিফিকেট — এনওসি দরকার। (৫) মিউজিক / ভিডিও চালানোর লাইসেন্স। (৬) ট্রেড মার্ক রেজিস্ট্রেশন। (৭) জিএসটি রেজিস্ট্রেশন (২০ লাখের বেশি টার্ন ওভার)। **(৮) দোকান ও প্রতিষ্ঠা আইন :** কফি শপের শ্রমিকরা আইন দ্বারা সুরক্ষিত, যা চাকরির শর্তাবলী নিয়ন্ত্রণ করে। দোকান ও স্থাপনা আইনের অধীনে লাইসেন্স নিতে হবে। (৯) এফএসএসএআই লাইসেন্স।

**কফি শপ বা কাফে কীভাবে সাজাবেন :** কফি শপ বা কাফে বিভিন্ন সাইজের হতে পারে। তবে ইন্টেরিয়র ডেকোরেশন খুব সুন্দর হওয়া উচিত। অভিনব ডিজাইনের হওয়া উচিত, যাতে খদ্দের আকৃষ্ট হতে পারেন। শিল্পীসুলভ পরিবেশ তৈরি করা দরকার। মিউজিক, অর্থাৎ গানের সরঞ্জাম ও টিভি থাকা ভালো। তবে প্রাথমিক পর্যায়ে দরকার নেই। ব্যবসা বাড়াতে রুচি মাফিক অনেক কিছু বাড়ানো উচিত। আমাদের দেশে কয়েকটি বিখ্যাত কফি শপ বা ক্যাফে হল :- (১) ভারতের সেরা ক্যাফে : স্টারবাকস, প্যান ইন্ডিয়া। এটি এক আইকনিক কফি শপ সঙ্গে আইকনিক টেকওয়ে ক্যাফেও। স্টারবাকস ডিজাইন ও পরিবেশের দিকেও যথাযথ গুরুত্ব দেয়। **২ জনের আনুমানিক খরচ :** ৬০০ টাকা। **খাবারের সুপারিশ :** মোচা প্রালাইন ফ্র্যাপুচিনো, চিকেন টিক্কা পানিনি, লাল মখমল কেক। **(২) হাউস খাস সোশাল, নতুন দিল্লি।** এটি ৮৫০০ বর্গফুটের বিস্তৃত এলাকা জুড়ে। **২ জনের জন্য খরচ :** আনুমানিক ২৩০০ টাকা। **খাবারের সুপারিশ :** জালাপেনো চিজ ন্যাচস, সোশাল শেক ও চিকেন শাওয়ারমা প্ল্যাটার।

**কয়েকটি নতুন কফি শপের নামের ধারণা :** (১) The Roasted Bean, (২) Thinking Cup, (৩) Cafe Continental, (৪) Wake up Cafe, (৫) Coffee for Two, (৬) Purple Barista, (৭) Morning Vibe, (৮) The Love Point, (৯) Rise & Shine, (১০) Mugs Coffee.

**কফি শপে বা ক্যাফের জন্য ওয়েবসাইট দরকার :** আজকাল অধিকাংশ স্মার্টফোন ব্যবহারকারীরা দোকানে বা রেস্তরাঁয় বা কফি শপে যাওয়ার আগে ইন্টারনেটে ডেটা খোঁজ করেন — কী কী পাওয়া যায়, দাম কত, অবস্থান কোথায়, ফোন নম্বর কী। তাই ব্যবসার সফলতা মাথায় রেখে ওয়েবসাইট অত্যন্ত প্রয়োজনীয়।

**উপসংহার :** এই ব্যবসায় শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন না থাকলেও বাণিজ্যে স্নাতক হওয়া ভালো। সেইসঙ্গে স্মার্টনেস ও শিল্পীসুলভ মানসিকতা আর একাগ্রতা বিশেষ দরকার। সব থেকে প্রয়োজন ক্যাফের অবস্থান সঠিক বাছা, যাতে কফি শপে প্রচুর লোক সমাগম হয়। অনেক কফি শপ অবশ্য দূরদর্শিতার অভাবে ঠিকমতো চলে না। লোকেশন ঠিক করা অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

# চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি

কোন ধরনের চাকরির পরীক্ষায় কীভাবে তৈরি হবেন, কোন বিষয়ে কী কী বই পড়বেন, উত্তর কী মানের দেওয়া উচিত ও প্রস্তুতির সময় কোন-কোন দিকে নজর দিতে হবে, সে বিষয়ে প্রতি সংখ্যায় ধারাবাহিকভাবে সাফল্যের টিপস দিচ্ছেন নানান পরীক্ষার কৃতীরা।

## নিজের ইচ্ছাশক্তি ও সাংসারিক অবস্থার কারণে মনে যে জেদটা জন্ম নিয়েছিল তার জন্যই হয়তো সফল হতে পেরেছি



সাহেনসা হোসেন
পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল

উত্তর ২৪ পরগণার বাদুড়িয়ার অন্তর্গত সোমপুর গ্রামের এক নিম্নবিত্ত পরিবারে আমার জন্ম। বাবা-মা আর ছোটো এক বোন — এই আমার পরিবার। বাবা একজন ভাগচাষি আর মা গৃহবধূ। স্থানীয় কুলিয়া রামচন্দ্রপুর ইউনিয়ন হাই স্কুল থেকে প্রথমে মাধ্যমিক ও তারপর উচ্চমাধ্যমিক পাশ করি। ছোটোবেলা থেকেই কমবেশি মেধারী ছাত্র ছিলাম। তাই স্বপ্ন ছিল মাধ্যমিক পাশের পর বিজ্ঞান নিয়ে উচ্চমাধ্যমিক পড়ে ভারতীয় নৌবাহিনী কিংবা বিমানবাহিনীতে যোগ দেব। কিন্তু সঠিক সময়ে উপযুক্ত পরামর্শ আর অর্থের অভাবে সেই স্বপ্ন পূরণ হয়নি। ২০১৭ সালে উচ্চমাধ্যমিক পাশ করে হাবড়ার শ্রীচৈতন্য কলেজে ভূগোল বিষয় নিয়ে ভরতি হই। ২০২০ সালে ডিগ্রি কোর্স পাশ করি। তবে স্নাতক স্তরে পড়াশুনা করার সময় থেকে বিভিন্ন চাকরির ফর্ম পূরণ করতে থাকি। কিন্তু ভূগোলের প্র্যাকটিক্যাল আর পড়ালেখার চাপ সামলে চাকরির পরীক্ষার পড়াশুনার জন্য যথেষ্ট সময় দিতে পারিনি। এরই মাঝে ২০১৮ সালে কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের আটবাহিনীর প্রাথমিক পরীক্ষায় পাশ করি। কিন্তু শারীরিক অসুস্থতার জন্য মাঠ কমপ্লিট করতে পারিনি। সেসময় সংসারের অবস্থা দেখে ভেতর থেকে বুঝতে পারি একটা চাকরির খুব দরকার। শুধু দরকারই নয়, খুব তাড়াতাড়ি দরকার। গ্র্যাজুয়েশনের পর এবার বিভিন্ন চাকরির প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য পড়ালেখা শুরু করি। তবে পড়াশুনা করলেও কিছুতেই মনের ভেতর সন্তুষ্টি আসছিল না। তাই সঠিক গাইডেন্সের জন্য খোঁজখবর নিতে শুরু করি। অনেক খোঁজখবর নিয়ে বারাসাতে নুরুল (ইসলাম) স্যারের First Track Competitive Academy-তে ভরতি হই। এরপর ২০২০ সালে পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের জন্য দরখাস্ত করি। পড়াশুনার পাশাপাশি শারীরিক সক্ষমতার জন্যও তৈরি হতে থাকি। তারপর ২০২১ সালের ২৬ সেপ্টেম্বর প্রিলিমিনারি পরীক্ষা হয়। এই পরীক্ষায় সফল হই ও মেধা তালিকায় স্থান পাই। প্রস্তুতির প্রথম দিকে অঙ্ক আর ইংরিজিতে ভীষণ দুর্বল ছিলাম। নুরুল স্যার ও First Track Competitive Academy-র অন্যান্য স্যারদের সহযোগিতায় নিজের দুর্বলতা কাটিয়ে নিজেকে তৈরি করতে থাকি। এর পাশাপাশি কর্মসংস্থান আর সাফল্য পত্রিকা থেকে কারেন্ট অ্যাফেয়ার্স ও কৃতীদের প্রতিবেদন পড়ে ভীষণভাবে উপকৃত হই। তার সঙ্গে দুবেলা চলতে থাকে মাঠ কমপ্লিট করার প্র্যাক্টিস। অবশেষে ২০২২ সালের ৫ এপ্রিল বারাকপুরে তীব্র রৌদ্রে নিজের সবটুকু দিয়ে PMT ও PET-এ দৌড়ে ৬ মিনিট ১২ সেকেণ্ডে মাঠ কমপ্লিট করে পাশ করি। এরপর মনে হচ্ছিল যেন কোনো কষ্টই কষ্ট নয়। এবার অপেক্ষা করছিল মেইন পরীক্ষার। এরপর শেষ লড়াইয়ের জন্য উঠে পড়ে লাগি। কারণ হাতে ছিল মাত্র ২ মাস। কিন্তু বিষয় ছিল অনেক। রাতদিন এক করে পড়তে থাকি। পাশাপাশি নুরুল স্যারের নেওয়া মক টেস্ট দিতে থাকলাম। আর প্র্যাকটিস সেট ধরে অনুশীলন করতে থাকি। ২০২২ সালের ২২ মে মেইন-এর পরীক্ষা ছিল। স্নায়ুর চাপ চরম সীমায় পৌঁছে যাচ্ছিল। বাবা-মায়ের দোয়া নিয়ে মেইন পরীক্ষা দিয়ে আসি। ২০২২ সালের ৩ আগস্ট সফলদের তালিকায় নিজের রোল নম্বর দেখার পর উত্তেজনা চেপে রেখে মনে মনে বলতে থাকি আর একটা ধাপ ইন্টারভিউ, ব্যাস! তারপর চূড়ান্ত মেধা তালিকা। ২০২২ সালের ২৭ আগস্ট বারাকপুর সিক্সথ ব্যাটেলিয়নে ইন্টারভিউয়ের জন্য ডাক পাই। প্রথমে মামুলি কিছু ব্যক্তিগত প্রশ্ন করার পর আমার বিষয়ের ওপর আর ইতিহাস ও পশ্চিমবঙ্গের সংস্কৃতির ওপর প্রশ্ন করা হয়। এর মধ্যে দুয়েকটা প্রশ্নের উত্তর না দিতে পারায় প্রথমে মন খারাপ ছিল। কিন্তু তারপর বুঝি ইন্টারভিউ শুধু প্রশ্নের উত্তর দেওয়া নয়, এখানে চলাফেরা, কথা বলা, বুদ্ধিমত্তা আর স্মার্টনেসের ওপরও মার্কস থাকে। যাই হোক এরপর চূড়ান্ত মেধা তালিকার জন্য অপেক্ষা করে থাকা। কারণ এর ওপর নির্ভর করবে এতদিনের পরিশ্রম, স্বপ্ন, আশা সব কিছু। এর জন্য একটা নয় দুটো নয় দীর্ঘ ৮ মাস অপেক্ষা করতে হয়েছিল। না পারছিলাম নতুন কিছু শুরু করতে, না পারছিলাম দুশ্চিন্তা থেকে দূরে থাকতে। এই সময় সংসারের অবস্থা বুঝে কখনও কলকাতার এক ক্যাটারিং সংস্থায় আবার কখনও গ্রামের সেলাই কারখানায় কাজ করতে থাকি। তবে পাশাপাশি পড়ালেখা চালিয়ে যাই। যখনই ভেঙে পড়তাম তখন নুরুল স্যার এসে বোঝাতেন, মোটিভেট করতেন। বলতেন, তোমার সিলেকশন পাকা, চিন্তা করো না। অবশেষে দীর্ঘ প্রতীক্ষার পর ২০২৩ সালের ১৯ এপ্রিল চূড়ান্ত মেধা তালিকা বের হয়। তখন আমি মাঠে কাজ করছিলাম। বন্ধুরা ফোন করে বলে 'মেরিট লিস্টটা দেখলাম....'। এক মুহূর্তের জন্য মনে হল থমকে গেলাম। দেখলাম, চোখে জল চলে এল।

Provisionally selected as a constable. এত অল্প দিনের প্রস্তুতি নিয়ে ভাবতেই পারিনি সফল হতে পারব। কিন্তু নিজের ইচ্ছাশক্তি আর সাংসারিক অবস্থার কারণে মনে যে জেদটা জন্ম নিয়েছিল সেজন্যই হয়তো সফল হতে পেরেছি।

সবশেষে একটা কথা চলতে চাই, পাড়া প্রতিবেশী, আত্মীয়-স্বজনদের কোনো নেতিবাচক কথায় কান দেবেন না। কারণ কিছু মানুষের কাজই এটা। নিজের প্রস্তুতি নিজে চালিয়ে যান। একদিন নিশ্চয়ই সাফল্য পাবেন।

*সাক্ষাৎকার : তারকনাথ দাস*

K.K.D.M.S.
(KAMAL KUMARI DEVI MODEL SCHOOL)
(HARIDASNAGAR, RAGHUNATHGANJ, MURSHIDABAD)
NEET | JEE
FACULTY REQUIRED
PHYSICS|CHEMISTRY|BIOLOGY|MATHS
Experience : Min 2 Years of teaching experience
Selection Process : Written Test & Demo
LAST DATE OF APPLICATION : 15.06.2024
Interested candidates may send your resume to:
kkdmsrecruitment72@gmail.com
Whatsapp : 9144400872
Call No : 9144400871

গত বছরের মতো 'এ' বছরেও
● PSC ক্লার্কশিপ ও মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষায় ● কলকাতা ও রাজ্য পুলিশে কনস্টেবল পরীক্ষায় ● RPF কনস্টেবল ও রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পরীক্ষায়
'Common' পেতে
আর
রাজ্য পুলিশের কনস্টেবল, সাব-ইন্সপেক্টর, SSC Junior Engineer, স্টেনো, IBPS সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন
সাফল্য
সাফল্য সাধারণ জ্ঞান
চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন
হেল্প লাইন : 6291684943

## ডি.এল.এড কোর্সে ৪৫ হাজার

১ পাতার পর

সেশনে। এই কোর্স পাশ করলে তবে প্রাইমারি টিচার ও স্কুল সার্ভিস কমিশনের আপার প্রাইমারি টিচার হওয়ার জন্য দরখাস্ত করতে পারবেন।

যে কোনো শাখায় উচ চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ভোকেশনাল শাখায় উচ চমাধ্যমিক পাশরাও ওই শতকরা হারে নম্বর পেয়ে থাকলেও যোগ্য। তবে তাঁদের বেলায় ৪% সীট সংরক্ষিত আছে। ভোকেশনাল শাখার প্রার্থীদের বেলায় উচ চমাধ্যমিকে ইংরিজি-সহ দু'টি ল্যাঙ্গোয়েজ বিষয় থাকতে হবে। সীট প্রতিটি প্রতিষ্ঠানে৫০টি করে। তবে কয়েকটি প্রতিষ্ঠানে সীট ১০০টি করে। পড়ানো হবে বাংলা/অন্যান্য মাধ্যমে। মোট সীট প্রায় ৪৬ হাজারের বেশি। এর মধ্যে সরকারি প্রতিষ্ঠানে সীট প্রায় ৩,৭০০টি। বেসরকারি প্রতিষ্ঠানে সীট প্রায় ৪২,০০০টি। এর মধ্যে বাংলা মাধ্যমে সীট প্রায় ৪৫,২০০টি, হিন্দি মাধ্যমে প্রায় ৩০০টি, নেপালী মাধ্যমে প্রায় ১০০টি, উর্দু মাধ্যমে প্রায় ৫০টি, সাঁতাড় মাধ্যমে প্রায় ৫০টি।

প্রার্থী বাছাই হবে উচ চমাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। শতকরা হার নির্ণয়ের সময় প্রথম ও দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ বিষয়-সহ বেস্ট অফ ফাইভে পাওয়া নম্বর দেখা হবে। ই.ভি.এস.'র নম্বর এখানে ধরা হবে না। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন। মেধা তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে। ভরতি চলবে ১০ জুন থেকে ২২ জুন পর্যন্ত। সেশন শুরু ৮ জুলাই।

অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ১৬ মে থেকে। চলবে ৩১ মে পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbbpe.org, https://wbbprimaryeducation.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণ পত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন সম্পূর্ণ হবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। প্রতিষ্ঠানের নাম-ঠিকানা পাবেন ওই ওয়েবসাইটে।

## ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক কোর্সে ভর্তি শুরু

রাজ্যের ১২৬৩টি স্কুলে ভোকেশনাল শাখার উচ্চমাধ্যমিক কোর্সে ভরতি শুরু হয়েছে। সায়েন্স বা, ফিজিক্যাল সায়েন্স কিম্বা অঙ্ক বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। আগ্রহী প্রার্থীরা সরাসরি অনলাইনে দরখাস্তকরতে পারবেন ৩১ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https://scvtwb.in কোন কোন স্কুলে এই কোর্স পড়ানো হবে তার তালিকা ওই ওয়েবসাইটে পাবেন। অনলাইনে দরখাস্ত করতে কোনো ফী লাগবে না।

### কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত SIASTM-এ

## কৃষিবিজ্ঞান কোর্স করার পর অফুরন্ত চাকরির সুযোগ

ভারত-সহ আন্তর্জাতিক বাজারে কৃষি-শিল্প ও সহযোগীক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষিত পেশাদারের চাহিদা সর্বত্র। এই বৃহৎ কর্মক্ষেত্রের উপযোগী পেশাদার তৈরির লক্ষ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নিয়ে শুরু হয়েছে কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সুসংহত ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স যা পশ্চিমবঙ্গে প্রথম। দক্ষ ও উদ্যোগী যুবসমাজের সামনে আরো বৃহত্তর কর্মক্ষেত্রে নিজেকে প্রবেশ করানোর সুযোগ করে দেবে এই ৫টি সুসংহত ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স : (১) ডিপ্লোমা ইন ভেটেরিনারি সায়েন্সেস অ্যান্ড অ্যানিমাল হাজবেন্ড্রি। সময়সীমা : ২ বছর সঙ্গে ৬ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (২) ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (৩) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্রপ প্রোডাকশন অ্যান্ড প্ল্যান্ট হেল্থ ম্যানেজমেন্ট। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : যে কোনো শাখার গ্র্যাজুয়েট। (৪) সার্টিফিকেট ইন মাশরুম কাল্টিভেশন অ্যান্ড স্পন প্রোডাকশন। সময়সীমা : ৩ মাস। যোগ্যতা : মাধ্যমিক পাশ।

উল্লেখযোগ্য বিষয় : (১) কোর্স শেষে সার্টিফিকেট দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। (২) সরকারি ও অধীনস্ত দপ্তরে আছে চাকরির সুযোগ। (৩) বেসরকারি দেশীয় / আন্তর্জাতিক কৃষি-শিল্প ও সহযোগী কোম্পানিতে উচ্চপদে চাকরির সুযোগ। (৪) কোর্স শেষে থাকবে ১০০% নিয়োগ সহায়তা।

ভর্তি শুরু হয়েছে। আসন সংখ্যা সীমিত। সত্বর যোগাযোগ : Susrijo Institute of Agricultural Science, Technology and Management – মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর : WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Vill- Deypara P.O.- Krishnagar, Dist.- Nadia, (Beside Krishnanagar Horticulture Department) Pin- 741101. Ph.: 9832015253, 8250155379, 6290698667.

কল্যাণী স্টাডি সেন্টার : B-15/54, Kalyani, P.O & P.S Kalyani, Nadia. Ph. : 9830781967.

Web : www.siastm.org Email : siastm2020@gmail.com

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
Clerkship
২০২৩ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ~~৩৫০/-টাকা~~ ৩০০/-টাকা
সাফল্য
সফল সাধারণ জ্ঞান

ANIHM
HOTEL MANAGEMENT
Under 3D Educational Trust
A Glorious 19 Years Running Institute
MAKAUT WB মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (ম্যাকাউ, পশ্চিমবঙ্গ অনুমোদিত)
(CENTER FOR COLLABORATIVE PROGRAMS)
Under 3D Educational Trust | Ashoknagar (Near Hizlia more on Girat Road)

ANIHM সুযোগ করে দিচ্ছে এক অবিশ্বাস্য নিজের ইনকামে Hotel Management-এ বিভিন্ন course করার সুযোগ। ANIHM এর course গুলি হল 6 months, 1 year, 2 years, 3 years. তাই আর দেরি না করে অতি সত্বর যোগাযোগ করুন ANIHM এর সাথে।




ADI NALANDA INSTITUTE OF HOTEL MANAGEMENT
DB-87, Sector-1, Saltlake City, Kol- 64 (Bus Stop CA Island)
Contact- 03340001218 / 9147331162 / 9831145633
E-mail: anihmkd@gmail.com, web : www.anihm.co.in

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন?এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পি.এস.সি.'র

■ *২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাস কি বদল হবে? আদৌ সিলেবাস কি বদলাবে? এই পরীক্ষা কি প্রতি বছরই হয়? এবছর বিজ্ঞপ্তি কবে বেরোবে? পরীক্ষা কবে হবে? — নীলাঞ্জনা চক্রবর্তী, পালপাড়া, চাকদহ, নদিয়া। জাকির হোসেন, কাজিপাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষা এবছরই নেওয়ার উদ্যোগ নিয়েছে সরকার। নবান্ন সূত্রে খবর, পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে যেসব পরীক্ষা হয়ে থাকে, সেগুলি আরো দ্রুত নিয়োগের কাজ সম্পন্ন করার পরিকল্পনা নেওয়া হচ্ছে। ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি জুলাইয়ের শেষে না হলে আগস্টে বেরোনোর সম্ভাবনা আছে। প্রিলিমিনারি পরীক্ষা এবছর ডিসেম্বরের মধ্যে নেওয়া হতে পারে। নবান্ন সূত্রে আরো খবর, ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাস এখনই বদল হচ্ছে না। আগের সিলেবাসেই এবছর পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষার সিলেবাস বদল হলে প্রার্থীদের অনেক আগেই জানিয়ে দেওয়া হবে। আগের মতো ডব্লু.বি.সি.এস. পরীক্ষা যাতে প্রতি বছরই নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট সূচী অনুযায়ী হয়, তার ব্যবস্থা করা হচ্ছে। প্রতি বছরই ডব্লু.বি.সি.এস. পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা বাড়ছে। তাই সরকার এই পরীক্ষাটি নিয়মিত নিতে চাইছে।

■ *মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা কবে হতে পারে? — সুমন বিশ্বাস, পলতা, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ সম্ভবত পরীক্ষা হবে ২৮ জুলাই।

## পঞ্চায়েতে চাকরির

■ *পঞ্চায়েতে এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? — অরবিন্দ মণ্ডল, ধামরো, লালগড়, ঝাড়গ্রাম।*

■■ যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। সোশ্যাল ওয়ার্ক বা, রুরাল ডেভেলপমেন্টের ডিপ্লোমা বা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ হলে ভালো হয়। সোশ্যাল ওয়ার্ক বা, রুরাল ডেভেলপমেন্টের কাজে অভিজ্ঞতা থাকলেও ভালো হয়। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা।

■ *পঞ্চায়েতে বিভিন্ন পদে লোক নেওয়ার যে বিজ্ঞপ্তি বেরোবে, তাতে একাধিক পদে দরখাস্ত করা যাবে কি? কী যোগ্যতা থাকলে একাধিক পদে দরখাস্ত করতে পারব? — অনিরুদ্ধ ঘোষ, নতুনডিহী, ঝাড়গ্রাম।*

■■ মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট যোগ্যতা পর্যন্ত একাধিক পদে দরখাস্ত করতে পারবেন। একই প্রার্থী একাধিক পদের জন্য দরখাস্ত করতে পারবেন।

■ *জাতীয় কম্পিউটার সেন্টার থেকে কম্পিউটার কোর্স করলে গ্রাম পঞ্চায়েতের এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট পদের জন্য দরখাস্ত করতে পারব কি? — শচীন দণ্ডপাঠ, ধামরো, বেলাটিকারী, ঝাড়গ্রাম।*

■■ হ্যাঁ, পারবেন।

## কোর্স ও ট্রেনিং

■ *২০১৪ সালে উচ্চমাধ্যমিক পাশ করেছি। আর্থিক কারণে পড়াশোনা করতে পারিনি। এখন বিশ্ববিদ্যালয় বা, কলেজ থেকে রেগুলারে ডিগ্রি কোর্স করতে পারব কি? — দেবাশিস হালদার, পলাশি, নদিয়া।*

■■ এত বছর পড়াশোনায় গ্যাপ থাকলে রেগুলার কোর্সে পড়া যায় না। আপনি মুক্ত বিশ্ববিদ্যালয় যেমন, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়, ইগনু ইত্যাদি থেকে ডিস্ট্যান্স মোডে ডিগ্রি কোর্স পাশ করতে পারেন।

■ *ডি.এল.এড. কোর্স করতে কেমন শিক্ষাগত যোগ্যতা লাগে? সরকারি ডি.এল.এড. কলেজ কোথায় কোথায় আছে ও খরচ কত? — কুরবান আলি মণ্ডল, গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। কোথায় কোথায় কলেজ আছে তা জানতে পারবেন এই ওয়েবসাইটে : www.wbbpe.org বেসরকারি কলেজে খরচ পড়বে প্রায় ৬০-৮০ হাজার টাকার মধ্যে। সরকারি কলেজে ফী সর্বমোট ১০ হাজার টাকার মধ্যে। ২০২৪ -২০২৬ সেশনের জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। বিস্তারিত খবর এই সংখ্যায় দেওয়া হয়েছে।

■ *ডাটা এন্ট্রি অপারেটর কোর্স সরকারি কোন সংস্থা থেকে করানো হয়? — সুভাষ মণ্ডল, উলা, সাঁকরাইল, হাওড়া।*

■■ ডাটা এন্ট্রি অপারেটর কোর্স ডোয়েক সোসাইটি, ইগনু থেকে করতে পারেন। এছাড়াও অনেক বেসরকারি কম্পিউটার সেন্টার থেকে এই কোর্স করতে পারেন।

## রেলে চাকরির

■ *বি.এ. অনার্স। ডি.এল.এড. কোর্স করেছি। রং চেনায় সমস্যা আছে। রেলের এন.টি.পি.সি. ও গ্রুপ-ডি পদের জন্য দরখাস্ত করতে পারব কি? — অয়ন ঘোষ, মেমারি, পূর্ব বর্ধমান।*

■■ হ্যাঁ, দরখাস্ত করতে পারবেন। তবে দুই পরীক্ষাতেই দৃষ্টিশক্তি পরীক্ষায় সফল হতে হবে। সেক্ষেত্রে রং চেনায় সমস্যা থাকলে অসুবিধা হতে পারে।

■ *রেলে গ্রুপ-ডি পদের ফর্ম পূরণ কবে থেকে শুরু হবে? শূন্যপদ কত থাকতে পারে? রেলের টেকনিশিয়ান পদের পরীক্ষা কবে হবে? — রিয়া সরকার, নেতাজী পাড়া, জলপাইগুড়ি। রেবা মাইতি, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ রেল রিক্রুটমেন্ট বোর্ডের নির্দেশিকা অনুযায়ী, গ্রুপ-ডি ও অন্যান্য পদে প্রায় ১ লাখের বেশি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে এবছর আগস্ট-সেপ্টেম্বর নাগাদ। পরীক্ষা ২০২৫ সালের প্রথম দিকে। টেকনিশিয়ান পদের পরীক্ষা এবছর পুজোর আগে হওয়ার সম্ভাবনা আছে।

■ *রেলের টিকিট এক্সামিনার পদের জন্য আলাদাভাবে বিজ্ঞপ্তি বেরোয় কি? না হলে এন.টি.পি.সি. ক্যাটেগরিতে বেরোয়? — সোমা কড়ক, বেলেঘাটা, কলকাতা -৮৫।*

■■ এন.টি.পি.সি. ক্যাটেগরির সঙ্গেই বিজ্ঞপ্তি বেরোয়। আলাদাভাবে বিজ্ঞপ্তি বেরোয় না।

■ *উচ্চমাধ্যমিক পাশ। আই.টি.আই.-এর কোনো কোর্স করা নেই। রেলের কোন পদে দরখাস্ত করতে পারব? — উৎসুক পাত্র, শ্যামপুর, হাওড়া।*

■■ রেলের গ্রুপ-ডি ও এন.টি.পি.সি. ক্যাটেগরিতে উচ্চমাধ্যমিক যোগ্যতায় দরখাস্ত করতে পারবেন।

## কলেজ সার্ভিসের

■ *ডিগ্রি কোর্সে অনার্স ছিল না ও ৫০% নম্বর নেই। মাস্টার ডিগ্রি কোর্সে ৫৬% নম্বর আছে। ইউ.জি.সি.'র 'নেট' ও কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষা দিতে পারব কি? — শিবা মণ্ডল, দেবগ্রাম, নদিয়া।*

■■ হ্যাঁ, দিতে পারবেন।

## পুলিশে চাকরির

■ *কলকাতা পুলিশের কনস্টেবল পদের পরীক্ষা কবে হবে? ফর্ম পূরণের সময় যে ফটো দিয়েছি, তাতে ছবিটার মাথা কেটে গেছে ও ফটো বেঁকে গেছে। এজন্য দরখাস্ত বাতিল হবে কি? — শুভাংশু দাস বেরা, চককুমার, ডেবরা, পশ্চিম মেদিনীপুর।*

■■ কলকাতা পুলিশের কনস্টেবল পদের পরীক্ষা জুলাই-আগস্টে হওয়ার সম্ভাবনা আছে। ফটো ঠিকভাবে বোঝা না গেলে দরখাস্ত বাতিল হতে পারে।

■ *আবগারি দফতরের কনস্টেবল ও লেডি কনস্টেবল পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার? — শুভঙ্কর পাল, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ বিজ্ঞপ্তি বেরোনোর দিনক্ষণ এখনো ঠিক হয়নি। তবে এবছর বিজ্ঞপ্তি বেরোবে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

## প্রাইমারি টিচারের

■ *২০২৩ সালের প্রাইমারি 'টেট'এর ফল কবে বেরোবে? — পার্থ বিশ্বাস, হুগলি।*

■■ প্রাইমারি এডুকেশন বোর্ড সূত্রে খবর, ফল জুলাই-আগস্টে বেরোনোর সম্ভাবনা আছে।

## স্টাফ সিলেকশনের

■ *স্টাফ সিলেকশন কমিশনের মাল্টি টাস্কিং স্টাফ (এম.টি.এস.) পদের জন্য অনলাইনে দরখাস্ত নেওয়ার কথা ছিল ৭ মে থেকে। এখনো অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়নি। কবে থেকে শুরু হবে? — সন্দীপ বিশ্বাস, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ কয়েকদিনের মধ্যেই দরখাস্ত নেওয়া শুরু হবে।

## অন্যান্য চাকরির

■ *ডাকবিভাগে ভরতির বিজ্ঞপ্তি কবে বেরোবে? শূন্যপদ কত থাকবে? — শুভঙ্কর দাস, দাঁতন, পশ্চিম মেদিনীপুর।*

■■ আপাতত কোনো খবর নেই।

■ *বি.এসসি. পাশ করার পর যে সব চাকরির পরীক্ষায় দরখাস্ত করা যায়, বি.এম.এল.টি. (ব্যাচেলর অফ মেডিক্যাল ল্যাব টেকনোলজি) কোর্স পাশ করলে কি সেই পরীক্ষার জন্য যোগ্য? — অর্পিতা দত্ত, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, যোগ্য।

■ *জুলজি নিয়ে ডিগ্রি কোর্স পাশ করার পর জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে কীভাবে চাকরি পাওয়া যায়? কোন পরীক্ষা দিয়ে চাকরি পেতে হয়? — বিপুল বাওয়ালি, আলিপুরদুয়ার।*

■■ কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে 'ফেজ-XII' পরীক্ষার মাধ্যমে জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ায় বিভিন্ন পদে লোক নেওয়া হয়।

## নৌবাহিনীর

■ *নেভিতে নাবিক পদের জন্য মাধ্যমিকে প্রতিটি বিষয়ে কি ৩৩% নম্বর থাকা বাধ্যতামূলক? — পিয়ালী ঘোষ, গুপ্তিপাড়া, হুগলি।*

■■ না, মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ হতে হবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| পশ্চিমবঙ্গ পুলিশে রাইফেলম্যান | মাধ্যমিক পাশ | ৪০০ | - | www.policewb.gov.in |
| SSC-মাল্টিটাস্কিং স্টাফ পরীক্ষার মাধ্যমে ক্লার্ক | মাধ্যমিক | - | ৬-৬-২৪ | www.ssc.nic.in |
| ইউ.জি.সি. 'নেট' পরীক্ষার মাধ্যমে লেকচারার | পোস্ট-গ্র্যাজুয়েট | - | ২১-৫-২৪ | www.csirnet.nta.ac.in |
| ডি.আর.ডি.ও.-তে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই | ১২৭ | ৩১-৫-২৪ | http://apprenticeshipindia.org |
| নেভিতে অগ্নিবীর | উচ্চমাধ্যমিক | - | ২৭-৫-২৪ | https://agniveernavy.cdac.in |
| নেভিতে অগ্নিবীর | মাধ্যমিক | - | ২৭-৫-২৪ | https://agniveernavy.cdac.in |
| কালিম্পং জেলা ও সেশন জাজেস কোর্টে ক্লার্ক, পিওন | মাধ্যমিক, এইট পাশ | ৩৭ | ১৭-৫-২৪ | www.kalimpongcourtrecruit2024.in |
| এন.এইচ.পি.সি.-তে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ৬৪ | ৩০-৫-২৪ | http://apprenticeshipindia.org |
| ইঞ্জিনিয়ারিং পড়িয়ে আর্মিতে চাকরি | উচ্চমাধ্যমিক, | ৯০ | ১৩-৬-২৪ | www.joinindianarmy.nic.in |
| সেনাবাহিনীতে নার্সিং কোর্স পড়িয়ে চাকরি | উচ্চমাধ্যমিক, | ২২০ | - | www.joinindianarmy.nic.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-I পদের (RRB-XIII) প্রিলি. পরীক্ষা | ৩, ৪, ১০, ১৭ ও ১৮ আগস্ট | www.ibps.in |
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিসার স্কেল-II ও III (RRB-XIII) পরীক্ষা | ২৯ সেপ্টেম্বর | www.ibps.in |
| নার্সিং (ANM & GNM) কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা | ১৪ জুলাই | www.wbjeeb.in |
| UPSC-এর সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা | ১৬ জুন | www.upsc.gov.in |
| UPSC-এর ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা | ১৬ জুন | www.upsc.gov.in |
| C-TET-এর পরীক্ষা | ৭ জুলাই | www.ctet.nic.in |
| SSC-এর জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষা | ৪-৬ জুন | www.ssc.nic.in |
| PSC-এর ক্লার্কশিপ পরীক্ষা | আগস্টে | www.wbpsc.gov.in |
| PSC-এর মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা-২০২৩ | ২৮ জুলাই | www.wbpsc.gov.in |
| SSC-ফেজ XII পরীক্ষা | ২৪-২৬ জুন | www.ssc.nic.in |
| DSSSB-এর বিভিন্ন পরীক্ষা (3/23) | ১০-২২ জুন | www.dsssb.delhi.gov.in |
| SSC-CHSL-পরীক্ষা | ১-১২ জুলাই | www.ssc.nic.in |
| SSC- জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষা | ৬-৭ জুন | www.ssc.nic.in |

GIMS
www.gimsglobal.in

# GLOBAL INSTITUTE OF MANAGEMENT STUDIES

A Glorious 14 years Running Institute

## Registered with MSME (Govt. of India)

We are associated with - SHARK edutech.com
define your future with us

## Hotel Management courses approved by
## NATIONAL CENTRE FOR VOCATIONAL AND TECHNICAL EDUCATION (NCVTE)

Reg: No. WB/NCVTE/N1047456

# Hotel and Hospitality Management

Courses offered :

**6 Month / 1 year / 2 years**

নিজের রোজগারে ভবিষ্যৎ
গড়ে তোলার সুবর্ণ সুযোগ



Excellent in Placement in Hotel & Hospitality Management Award

Education Loan available without interest

ছয় মাসের কোর্সের ক্ষেত্রে মাত্র 3000 টাকা
Admission Fees দিয়ে ভর্তি হন এবং বাকি টাকা
রোজগার করে দেওয়ার সুযোগ থাকছে

কোর্স চলাকালীন 2 মাস পর থেকেই
15,000 টাকা পর্যন্ত ইনকাম করার সুযোগ

* T & C Apply



**Campus :** Lokenath Park, near Chinar Park (Atghara), Behind Aminia Restaurant, Kolkata - 700157
7980342318, 8420116843, 9163354871, 9875393007 | Ph. : 03328042616 | Toll Free No. 1800 202 2526

**Haldia Office :** Vill.: Brajanathchak, PO- Haldia Port, Dist.- East Medinipur, PS- Haldia, PIN- 721605 (Near Crystal Tower), Sec- 13 More. M : 7384162083

**Franchise নিতে আগ্রহী থাকলে WhatsApp করুন : 9836243555**

অনেক কোর্স, ঠিকানা একটাই

# হালদার গ্রুপ

HGI

(WB GOVT. REG. NO : IV-1903-00118/2022)

An ISO 9001:2008 Certified Institute | www.haldargroup.org.in

অফিস : সোনারপুর (স্টেশন রোড), কলকাতা- 700150, পশ্চিমবঙ্গ



Mr. Samar Haldar
Chairman & Director

| SCHOOL / COLLEGE | COURSE | STREAM / DEPARTMENT | TOTAL SEMESTER | ADMISSION FEES | SEMESTER | TOTAL FEES |
|---|---|---|---|---|---|---|
| SCHOOL OF LAW | BA-LLB | LAW | 10 | 10000/- | 40000/- | 4,10,000/- |
| | LLB | LAW | 6 | 10000/- | 50000/- | 3,10,000/- |
| | LLM | CORPORATE & COMMERCIAL LAW, CRIMINAL LAW | 4 | 10000/- | 50000 | 2,10,000/- |
| SCHOOL PHARMACY | B.PHARM | PHARMACY | 8 | 20000/- | 60000/- | 5,00,000/- |
| | B.PHARM (Lat.) | PHARMACY | 6 | 20000/- | 60000/- | 3,80,000/- |
| | D.PHARM | PHARMACY | 4 | 15000/- | 65000/- | 2,75,000/- |
| | M.PHARM | PHARMACY (PHARMACEUTICS, PHARMACEUTICAL, CHEMISTRY | 4 | 25000/- | 110000/- | 4,65,000/- |
| SCHOOL OF ARTS | B.A | BENGALI, ENGLISH, HISTORY, GEOGRAPHY, EDUCATION, POLITICAL SCIENCE, SANSKRIT, SOCIOLOGY, PHILOSOPHY | 6 | 5000/- | 15000/- | 95,000/- |
| | M.A | | 4 | 5000/- | 15000/- | 65,000/- |
| SCHOOL OF SCIENCE | B.Sc. | PHYSICS, CHEMISTRY, MATHEMATICS, GEOGRAPHY, ECONOMICS | 6 | 5000/- | 15000/- | 95,000/- |
| | M.Sc. | | 4 | 5000/- | 15000/- | 65,000/- |
| SCHOOL OF BIO- SCIENCE | M.Sc. | ZOOLOGY, BOTANY, NUTRITION, BIOCHEMISTRY, EVS, MICROBIOLOGY, BIO-TECHNOLOGY | 6 | 5000/- | 20000/- | 1,25,000/- |
| | | | 4 | 5000/- | | 85,000/- |
| SCHOOL OF LIBRARY AND INFORMATION SCIENCE | B.L.I.S, M.L.I.S | LIBRARY & INFORMATION SCIENCE | 2 | 10000/- | 15000/- | 40,000/- |
| SCHOOL OF BIO- SCIENCE | B.Sc. | FISHERIES SCIENCE | 8 | 10000/- | 30000/- | 2,50,000/- |
| | M.Sc. | | 4 | 10000/- | 30000/- | 1,30,000/- |
| SCHOOL OF AGRICULTURE | M.Sc. | AGRONOMY, SOIL SC., HORTICULTURE, PLANT PATHOLOGY, PLANT BREEDING & GENETICS, AGRICULTURE EXTENSION | 4 | 10000/- | 70000/- | 2,90,000/- |
| | M.Sc. | | | | | |
| SCHOOL OF SOCIAL SCIENCE | BSW, MSW | SOCIAL WORKS | 6 | 10000/- | 25000/- | 1,60,000/- |
| | BA, MA | RURAL STUDIES, WOMEN STUDIES | 6 | 10000/- | 15000/- | 1,00,000/- |
| SCHOOL OF VISUAL ARTS | BFA | PAINTING, SCULPTURE | 8 | 10000/- | 25000/- | 2,10,000/- |
| | MFA | | 4 | 10000/- | 25000/- | 1,10,000/- |
| SCHOOL OF PARAMEDICAL AND HEALTH SCIENCE | BMLT | MEDICAL LAB TECHNOLOGY, MEDICAL RADIOLOGY, PHYSIOTHERAPY | 6 | 10000/- | 35000/- | 2,20,000/- |
| | DMLT | | 4 | 10000/- | 35000/- | 1,50,000/- |
| SCHOOL OF COMMERCE AND MANAGEMENT STUDIES | B.COM | ACCOUNTANCY | 6 | 5000/- | 15000/- | 95,000/- |
| | M.COM | | 4 | 5000/- | 15000/- | 65,000/- |
| | BHM | HOSPITAL MANAGEMENT | 6 | 10000/- | 25000/- | 1,60,000/- |
| | MBA | HUMAN RESOURCE, FINANCE, MARKETING, RURAL DEVELOPMENT MANAGEMENT, BANKING, RETAIL, SUPPLY AND CHAIN MARKETING | 4 | 10000/- | 50000/- | 2,10,000/- |
| SCHOOL OF ENGINEERING | B.TECH | MECHANICAL, CIVIL, ELECTRICAL, COMPUTER SCIENCE, ECE | 8 | 10000/- | 40000/- | 3,30,000 |
| | B.TECH (Lat.) | MECHANICAL, CIVIL, ELECTRICAL, COMPUTER SCIENCE, ECE | 6 | 10000/- | 40000/- | 2,50,000/- |
| | M.TECH | MECHANICAL, CIVIL, ELECTRICAL, COMPUTER SCIENCE | 4 | 10000/- | 40000/- | 1,70,000/- |
| SCHOOL OF COMPUTER APPLICATION | BCA(H) | COMPUTER APPLICATION | 6 | 10000/- | 25000/- | 1,60,000/- |
| | | | 4 | 10000/- | 25000/- | 1,10,000/- |
| SCHOOL OF DOCTORAL STUDIES | Ph.D | SCIENCE, ARTS, COM, MANAGEMENT, ENGINEERING | | | | 5,50,000/- |

**REGULAR COURSE : W.B** Approved by : UGC, BCI, PCI, AICTE, AIU & NSDC

**Admission Call:**
**7980447585 / 9836239598**

পশ্চিমবঙ্গের বিভিন্ন ব্লক ও জেলাতে নতুন কাউন্সেলিং ইনস্টিটিউট খুলতে ফ্রাঞ্চাইজি দেওয়া হচ্ছে। মাসে ইনকাম লাখেরও বেশি।
Franchisee Fee ব্লক স্তরে ₹15000/-, জেলা স্তরে ₹50000/-
Franchisee Call : 7003323135, 9088945055

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com